


পারিবারিক গাইড

# প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য

NYC
Department of
Education

# সূচিপত্র

**এক নজরে** . . . . . 1
ভূমিকা . . . . . 1
উপরিচিত্র . . . . . 1
**অন্তর্ভুক্তিমূলক আর্লি কেয়ার এবং এডুকেশন্যাল অপশন** . . . . . 2
3-K ফর অল . . . . . 3
প্রি-K ফর অল . . . . . 3
কাঠামো . . . . . 3
আবেদন করা . . . . . 3
প্রিস্কুল বাছাইয়ের সুযোগসহ আবেদনের সময়সীমা . . . . . 4
যোগাযোগ . . . . . 4
**প্রক্রিয়ার শুরু** . . . . . 5
শৈশবের হস্তক্ষেপ (EI) থেকে উত্তরণ . . . . . 5
আপনার সন্তান যদি ইতোমধ্যে একটি প্রিস্কুল প্রোগ্রামে এনরোলড্ থাকে . . . . . 5
জিজ্ঞাসার জন্য প্রশ্নাবলী . . . . . 6
যেসব ছেলেমেয়ের বাড়ির ভাষা ইংরেজিভিন্ন অন্য কোনোটি . . . . . 7
যদি আপনার সন্তান অন্য কোনো শিশুসেবা ব্যবস্থায় থাকে . . . . . 7
**প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া** . . . . . 8




**রেফারেল** 8
বয়সের যোগ্যতা . . . . . 8
কীভাবে একটি রেফারেল করা হয় . . . . . 8
পিতামাতা ছাড়া কে প্রাথমিক রেফারেল করতে পারেন? . . . . . 9
প্রাথমিক রেফারেলের জন্য কে অনুরোধ করতে পারেন? . . . . . 9
রেফারেল প্যাকেট . . . . . 10
**মূল্যায়ন** 11
মূল্যায়ন প্রক্রিয়া . . . . . 11
কীভাবে একটি মূল্যায়নের ব্যবস্থা করা যায় . . . . . 11
মূল্যায়নের জন্য জেনেশুনে আপনার সম্মতি দেওয়া . . . . . 12
প্রাথমিক মূল্যায়নে কী কী অন্তর্ভুক্ত হবে? . . . . . 12
বেসরকারি মূল্যায়ন . . . . . 13
মূল্যায়নের সারাংশ . . . . . 13
শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য বিনিময় করা . . . . . 13

**CPSE মিটিং** **14**

উপরিচিত্র . . . . . 14
একটি CPSE মিটিং-এর জন্য প্রস্তুতি . . . . . 15
CPSE মিটিং-এর অংশগ্রহণকারীগণ . . . . . 15
একটি CPSE মিটিং-এ আপনার ভূমিকা . . . . . 16
একটি CPSE মিটিং-এ জিজ্ঞাসার জন্য প্রশ্নাবলী . . . . . 16
যোগ্যতা . . . . . 16
ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) . . . . . 18
বার্ষিক ও অনুরোধকৃত CPSE মিটিংসমূহ . . . . . 20
পুনর্মূল্যায়ন . . . . . 20

**সার্ভিসেস (পরিষেবাসমূহ)** **22**

উপরিচিত্র . . . . . 22
প্রোগ্রাম ও সার্ভিসসমূহের বর্ণনা . . . . . 22
বাড়তি সহায়তা ও সার্ভিসসমূহ . . . . . 23
সার্ভিসসমূহের ব্যবস্থা করা . . . . . 24

**প্রোগ্রাম ও সার্ভিসের ঠিকানা** . . . . . 25
যেসব ছেলেমেয়ের IEP আছে যাতে স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (ভ্রাম্যমান বিশেষ শিক্ষার শিক্ষক, SEIT) এবং অথবা রিলেটেড সার্ভিস সুপারিশ করা হয়েছে. . . . . 25
যেসব ছেলেমেয়ের IEP আছে যাতে একটি স্পেশাল ক্লাস অথবা ইনটিগ্রেটেড সেটিং (সমন্বিত কাঠামোতে বিশেষ ক্লাস, SCIS)-এ স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়েছে . . . . . 25
চলাচল সীমিত এবং অভিগম্যতায় সহায়তা আবশ্যক . . . . . 25

**পিতামাতার অধিকার** . . . . . 26
ফস্টার কেয়ার . . . . . 26
সাময়িক আবাসনের শিক্ষার্থী . . . . . 27
প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সমাপ্তি . . . . . 27
সম্মতি প্রত্যাহার . . . . . 27
শ্রেণীচ্যুতি (ডিক্ল্যাসিফিকেশন) 27
রেকর্ডসমূহ . . . . . 28
ন্যায়বিচার লাভের অধিকার . . . . . 29

**কিন্ডারগার্টেনে উত্তরণ** . . . . . 32

**পরিভাষা তালিকা** . . . . . 33

**যোগাযোগ** . . . . . 37
কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) 37
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর যোগাযোগ . . . . . 39
সহায়ক তথ্যসূত্র . . . . . 39

# এক নজরে

## ভূমিকা

এই ফ্যামেলি গাইডের লক্ষ্য হলো আপনাদেরকে—অর্থাৎ পরিবারের সবাইকে—নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) 3 থেকে 5 বছরের ছেলেমেয়েদের প্রতিবন্ধিতা কীভাবে নির্ণয় করে এবং DOE কীভাবে যোগ্য বলে বিবেচিত ছেলেমেয়েদেরকে স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করে, সে বিষয়ে তথ্য দেওয়া।

নিচে *উপরিচিত্র* অংশে দেওয়া বর্ণনা এবং গাইড জুড়ে বিস্তারিত ব্যাখ্যা দিয়ে এই গাইড আপনাদেরকে জানাতে চায় যে:

- আপনি যদি ভাবেন আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন হতে পারে, তাহলে আপনাকে কী খুঁজতে হবে;
- প্রাথমিক মূল্যায়নের জন্য কীভাবে রেফারেল (সুপারিশ) নিতে হবে;
- কীভাবে মূল্যায়ন এবং ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা, IEP) প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে;
- আপনার সন্তান যোগ্য বলে বিবেচিত হলে কীভাবে DOE তার জন্য সার্ভিসের ব্যবস্থা করবে; এবং
- প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়েদের জন্য কোন অন্তর্ভুক্তিমূলক প্রিস্কুল বাছাইয়ের সুযোগ রয়েছে।

## উপরিচিত্র

প্রতিবন্ধিতাযুক্ত বা লেখাপড়ায় বিঘ্ন সৃষ্টিকারী বিলম্বিত বর্ধনশীল 3 থেকে 5 বছর বয়সের ছেলেমেয়েদের জন্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের সুযোগ আছে। যোগ্য ছেলেমেয়েদের এসব সার্ভিসের কোনো অর্থ ব্যয় করতে হয়না। বহু ছেলেমেয়েদের জন্য এসব সার্ভিস দেয়া যেতে পারে অন্তর্ভুক্তিমূলক 3-K বা প্রি-K কে ফর অল ক্লাসরুমে, যেখানে প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়ে একসাথে পড়াশোনা করে।

যদি আপনার সন্তান নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে বিলম্বিত হয়, তাহলে সে সার্ভিস লাভের জন্য যোগ্য হতে পারে:

- জ্ঞানগত (চিন্তাভাবনা করা ও শেখা)
- ভাষা ও যোগাযোগ (বুঝতে পারা ও ভাষা ব্যবহার করা);
- অভিযোজনগত (টয়লেট ব্যবহার, খাওয়া ও পোশাক পরার মতো কাজগুলো নিজে নিজে করার দক্ষতা):
- মনো-সামাজিক (অন্যদের সাথে মেলামেশা এবং অনুভূতি প্রকাশের মতো আচরণ); এবং/অথবা
- পেশীসঞ্চালন শেখা (শারীরীক বৃদ্ধি, যার্ত অন্তর্ভুক্ত আছে দৃষ্টি, শ্রবণ এবং চলাফেরায় বিলম্ব বা বৈকল্য)

আপনার সন্তানের যদি অটিজম, বধিরতা, শ্রুতি-দৃষ্টি প্রতিবন্ধিত্ব, শ্রুতি বৈকল্য, অস্থিজনিত বৈকল্য, অন্যান্য শারীরীক বৈকল্য, মস্তিষ্কে আঘাতজনিত ক্ষত, অথবা কোনো দৃষ্টি বৈকল্য (অন্ধত্বসহ) থাকে, তাহলে সে হয়তো সার্ভিস লাভের যোগ্য হতে পারে। প্রিস্কুল স্পেশাল এডুকেশনের যোগ্যতা সম্পর্কে আরও তথ্যের জন্য পৃষ্ঠা 16 দেখুন।

সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতা নির্ণয়কারী মূল্যায়ন পরিচালনার অনুরোধ জানাতে পিতামাতা হিসেবে আপনি আপনার কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর সাথে যোগাযোগ করতে পারেন। 3 থেকে 5. বছর বয়সের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের দায়িত্ব হলো CPSE-এর। সিটির বিভিন্ন এলাকায় 10 টি CPSE রয়েছে যেগুলো বিভিন্ন ডিস্ট্রিক্ট-এ বসবাসরত পরিবারসমূহের সাথে কাজ করে। প্রতিটি CPSE একটি বৃহত্তর কমিটি অন স্পেশাল এরডুকেশন (CSE) অফিসের অংশবিশেষ। একটি CSE/CPSE মানচিত্র ও যোগাযোগের তথ্য দেখুন 37 এবং 38 নম্বর পৃষ্ঠায়।

আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের বিবেচিত হলে একটি ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তিক শিক্ষা কর্মসূচি, IEP) তৈরির জন্য CPSE আপনার সাথে কাজ করবে। IEP হলো একটি পরিকল্পনা যা আপনার সন্তানের সক্ষমতা নিয়ে আলোচনা করে এবং আপনার সন্তান যাতে তার শিক্ষাগত লক্ষ্য অর্জন করতে পারে, সেজন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) বিনামূল্যে সার্ভিস প্রদান করে। বহু ছেলেমেয়েদের জন্য এসব সার্ভিস দেয়া যেতে পারে অন্তর্ভুক্তিমূলক DOE প্রোগ্রামে। ভিন্ন ভিন্ন সার্ভিস সম্পর্কে আরও জানতে পৃষ্ঠা 22 দেখুন। DOE-এর অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে পৃষ্ঠা 2 দেখুন।

# অন্তর্ভুক্তিমূলক আর্লি কেয়ার এবং শিক্ষাগত বাছাইয়ের সুযোগ

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) 3 এবং 4 বছর বয়সীদের কয়েকটি অন্তর্ভুক্তিমূলক আর্লি চাইল্ডহুড কেয়ার এবং শিক্ষাগত বাছাইয়ের সুযোগ দেয়। 3-K এবং প্রি-K ফর অল প্রোগ্রামগুলো প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন উভয়, কিংবা বিকাশগত বিলম্ব শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করে। প্রতিবন্ধিতাযুক্তসহ সকল ছেলেমেয়েদের পরিবারকে 3-K এবং প্রি-K ফর অল-এ আবেদনের জন্য উৎসাহিত করা হচ্ছে।

কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) প্রিস্কুল শিক্ষার্থীদেরকে আপনার সন্তানের ব্যক্তিক প্রয়োজন অনুযায়ী উপযোগী স্বল্পতম নিষেধাত্মক পরিবেশ (LRE) প্রদান করতে বাধ্য। LRE অর্থ হলো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে যতটুকু সম্ভব বেশি অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষা দেওয়া। অধিকাংশ ছেলেমেয়ের ক্ষেত্রে এর অর্থ হলো একটি অন্তর্ভুক্তিমূলক কাঠামো, যেমন একটি 3-K বা প্রি-K ফর অল ক্লাস, যাতে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম বা রিলেটেড সার্ভিস আছে।

অন্তর্ভুক্তিমূলক কাঠামো প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধীতাহীন ছেলেমেয়েদের এক অন্যের পাশাপাশি লেখাপড়ার সুযোগ দেয়। অন্তর্ভুক্তি প্রাতিষ্ঠানিক অগ্রগতি, স্বনির্ভরতা, এবং সামাজিক-মানসিক উন্নতিলাভের সুযোগ দেয়। অন্তর্ভুক্তিমূলক কাঠামোর কিছু দৃষ্টান্ত হলো:

- যেমন 3-K ফর অল প্রোগ্রামে স্পিচ বা ফিজিক্যাল থেরাপির মতো সার্ভিসসহ একটি সাধারণ শিক্ষার ক্লাসরুম;
- যেমন 3-K ফর অল প্রোগ্রামে স্পেশাল এডুকেশন ইটিনারেন্ট টিচার (SEIT)-সহ একটি সাধারণ শিক্ষার ক্লাসরুম;
- যেমন একটি প্রি-K ফর অল প্রোগ্রামে একটি ইনটিগ্রেটেড কাঠামোয় একটি স্পেশাল ক্লাস (SCIS), যার অন্তর্ভুক্ত আছে প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়ে, সাথে বাড়তি আছে স্পিচ বা অকুপেশন্যাল থেরাপি।

### 3-K ফর অল

নিউ ইয়র্ক সিটিতে 3-K ফর অল প্রোগ্রামগুলো ফ্রি, পূর্ণ দিবস, উচ্চমানসম্পন্ন শিক্ষার সুযোগ দেয় 3-বছর বয়সী




অন্তর্ভুক্তিমূলক কাঠামো প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধীতাহীন ছেলেমেয়েদের একে অন্যের পাশাপাশি লেখাপড়ার সুযোগ দেয়।

ছেলেমেয়েদের। কিছু স্কুল ডিস্ট্রিক্ট-এ 3-K প্রোগ্রাম রয়েছে সকল পরিবারের জন্য। 3-K ফর অল প্রোগ্রাম আছে, এমন ডিস্ট্রিক্টগুলোর একটি তালিকার জন্য www schools nyc gov/enrollment/enroll-grade-by-grade/3kওয়েবপেজ দেখুন। সকল স্কুল ডিস্ট্রিক্টে 3-K প্রোগ্রামগুলো পরিবারসমূহকে আয় ও প্রয়োজনের ভিত্তিতে যোগ্যদেরকে সুযোগ প্রদান করে।* হেড স্টার্টসহ এসব প্রোগ্রামগুলো ফ্রি বা মূল্য সাশ্রয়ী এবং সারা বছর প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত পরিষেবা দেয়; আপনি যদি যোগ্য হন এবং আসন খালি থাকে, তাহলে আপনার সন্তানকে যে কোনো সময় এনরোল করতে পারবেন। আরও জানতে, দেখুন www.nyc.gov/3k ওয়েবপেজ।

## প্রি-K ফর অল

নিউ ইয়র্ক সিটিতে প্রি-K ফর অল প্রোগ্রামগুলো ফ্রি, পূর্ণ দিবস, উচ্চমানসম্পন্ন শিক্ষার সুযোগ দেয় 4-বছর বয়সী ছেলেমেয়েদের। হেড স্টার্টসহ কিছু প্রি-K প্রোগ্রাম পরিবারসমূহকে আয় ও প্রয়োজনের ভিত্তিতে যোগ্যদেরকে সুযোগ প্রদান করে।* এসব প্রোগ্রামগুলো ফ্রি বা মূল্য সাশ্রয়ী এবং সারা বছর প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত পরিষেবা দেয়; আপনি যদি যোগ্য হন এবং আসন খালি থাকে, তাহলে আপনার সন্তানকে যে কোনো সময় এনরোল করতে পারবেন। আরও জানতে, দেখুন www.nyc.gov/prekওয়েবপেজ।

**দ্রষ্টব্য: DOE হেড স্টার্ট এবং আর্লি হেড স্টার্ট প্রোগ্রামগুলো অল্প সংখ্যক পরিবারকে এনরোল করে যারা আয়ের ভিত্তিতে যোগ্য বিবেচিত হন না, যদি তার দেখাতে পারেন যে এই সার্ভিসটি তাদের আবশ্যক। এর অন্তর্ভুক্ত আছে প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের পরিবার যারা একটি হেড স্টার্ট বা আর্লি হেড স্টার্ট ব্যবস্থা থেকে উপকার পেতে পারেন।*

## আবেদন

আপনার সন্তান যাতে এগুলোর কোনো একটিতে যেতে পারে, সেজন্য আপনাকে:

- 3-K কিংবা প্রি-K ফর অল উইন্টার-স্প্রিং (শীত-বসন্ত) বার্ষিক আবেদনের সময়টিতে www.MySchools.nyc.gov ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে;
- সামার-ফল (গ্রীষ্ম-হেমন্ত) ঋতুতে www.MySchools.nyc ওয়েবপেজে প্রোগ্রামের অপেক্ষা-তালিকায় অন্তর্ভুক্ত হতে হবে: কিংবা
- সারা বছর 3-K হেডস্টার্ট এবং অন্যান্য দীর্ঘায়িত দিনের/বছরের পরিষেবার মতো যেসব প্রোগ্রাম সরাসরি শিক্ষার্থী এনরোল করে, সেগুলোর সাথে যোগাযোগ করতে হবে, যাদের যোগাযোগের তথ্য পাওয়া যাবে www.MySchools.nyc ওয়েবপেজে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, CPSE আর্লি চাইল্ডহুড সাধারণ শিক্ষা প্রোগ্রাম, যেমন 3-K বা প্রি-K-এর জন্য ভর্তির ব্যবস্থা করে না, সুতরাং এসব প্রোগ্রামে আপনাকেই আবেদন করতে হবে।

### প্রতিবন্ধিতাযুক্তসহ সকল ছেলেমেয়েদের পরিবারকে উৎসাহিত করা হচ্ছে 3-K এবং প্রি-K ফর অল-এ আবেদনের জন্য।

## কাঠামো

3-K এবং প্রি-K ফর অল-এর সুযোগ আছে নিম্নলিখিত কাঠামোগুলোতে:

- **ডিস্ট্রিক্ট স্কুলসমূহ।** কিছু পাবলিক এলেমেন্টারি স্কুলগুলোতে 3-K এবং প্রি-K ফর অল-এর সুযোগ আছে। স্কুলটির প্রিন্সিপ্যাল এসব প্রোগ্রামের তত্ত্বাবধান করেন।
- **প্রি-K সেন্টারসমূহ।** প্রি-K সেন্টারগুলো পরিচালনা করেন DOE স্টাফ এবং শুধু কিন্ডারগার্টেনের পূর্ববর্তী গ্রেডগুলোতে পরিষেবা দেওয়া হয়।
- **NYC আর্লি এডুকেশন সেন্টার্স (NYCEECs)**। কিছু কমিউনিটি-বেজড্ অর্গ্যানাইজেশন 3-K এবং প্রি-K পরিষেবা দেয় এবং সেগুলো DOE সমর্থিত।
- **হোম-বেজড প্রোগ্রামসমূহ।** কিছু হোম-বেজড্ প্রোগ্রাম 3-K পরিষেবা দেয় এবং সেগুলো DOE সমর্থিত।

## প্রিস্কুল বাছাইয়ের সুযোগসহ আবেদনের সময়সীমা

3-K এবং প্রি-K আবেদন গৃহীত হয় বার্ষিক উন্মুক্ত আবেদন প্রক্রিয়ার নির্দিষ্ট সময়ে, যেটা হয় উইন্টার-স্প্রিং (শীত-বসন্ত), তবে আপনি 3-K এবং প্রি-K অপেক্ষা-তালিকায় যোগ দিতে পারবেন আবেদনের সময় শেষ হলে। CPSE প্রক্রিয়া চলে সারা বছর, এবং আপনাকে উৎসাহিত করা হয় 3-K এবং প্রি-K আবেদনের জন্য, CPSE প্রক্রিয়ার কোন পর্যায়ে আপনার অবস্থান বিবেচনা ছাড়া।

আপনি 3-K এবং প্রি-K ফর অল-এ আবেদন করতে পারবেন:

- আপনি CPSE-তে একটি রেফারেল জমা দেওয়ার পরিকল্পনা করুন বা না করুন;
- যদি আপনি CPSE-তে একটি রেফারেল জমা দিয়ে থাকেন;
- আপনি যদি মূল্যায়ন সমাপ্ত হওয়ার অপেক্ষায় বা CPSE মিটিং-এর সময়সূচির অপেক্ষায় থাকাসহ CPSE প্রক্রিয়াধীন থাকেন; কিংবা
- যদি আপনার সন্তানের ইতোমধ্যে একটি IEP থাকে, SCIS বা স্পেশাল ক্লাস সুপারিশকারী একটি IEP যার অন্তর্ভুক্ত।
  - যদি আপনি আবেদন করেন, একটি আসন পান, এবং একটি 3-K বা pre-K প্রোগ্রাম বেছে নিয়ে থাকেন, তাহলে CPSE আপনার সাথে কাজ করবে যাতে আপনার বাছাইকৃত প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করার জন্য তার IEP-তে সুপারিশকৃত যথাযথ সার্ভিস পাওয়া যায়। আপনি যে 3-K বা প্রি-K প্রোগ্রামে আসন পেয়েছেন, সেখানে কীভাবে স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহের ব্যবস্থা করা যায়, তা নিয়ে কথা বলতে আপনি যে কোনো সময় CPSE-এর সাথে যোগাযোগ করতে পারবেন।
  - যদি আপনি ভিন্ন কোনো স্পেশাল এডুকেশন প্রোগ্রামের থাকাকালে একটি 3-K বা প্রি-K-তে আবেদন করে থাকেন ও আসন পান এবং আপনি সে 3-K বা pre-K প্রোগ্রামে বদলি হতে চান, তাহলে CPSE আপনার সাথে কাজ করবে যাতে আপনার বাছাইকৃত প্রোগ্রামে আপনার সন্তানকে সহায়তা করার জন্য তার IEP-তে সুপারিশকৃত যথাযথ সার্ভিস পাওয়া যায়। যে কোনো পর্যায়ে আপনি অথবা প্রোগ্রামের স্টাফ CPSE-এর সাথে সাক্ষাত করার জন্য অনুরোধ করতে পারবেন যাতে আপনার সন্তানের যদি অধিক সহায়তার প্রয়োজন হয়, সে প্রোগ্রামে তার ব্যবস্থা করা নিয়ে কথা বলা যায়।

### যোগাযোগ

এসব আর্লি চাইল্ডহুড সেবা ও শিক্ষার সুযোগ সম্পর্কে কোনো প্রশ্ন আছে?

- যেসব প্রোগ্রাম আছে, সেগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য:
  - এই ওয়েবসাইট দেখুন www.MySchools.nyc
  - 212-637-8000নম্বরে ফোন করুন
- আর্লি ইন্টারভেনশন (শৈশবকালীন হস্তক্ষেপ, EI) থেকে প্রিস্কুলে স্থানান্তরে সহায়তার জন্য:
  - এই ঠিকানায় ইমেইল করুন eitopreschool@schools.nyc.gov
  - 646-389-7171নম্বরে ফোন করুন
- এনরোলমেন্টের তথ্য ও সহায়তার জন্য:
  - এই ওয়েবসাইট দেখুন www.nyc.gov/3k অথবা দেখুন www.nyc.gov/prek
  - এই ঠিকানায় ইমেইল করুন ESenrollment@schools.nyc.gov
  - 718-935-2009নম্বরে ফোন করুন
  - আপনার ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করুন www.schools.nyc.gov/enrollment/enrollment-help/family-welcome-centers



# প্রক্রিয়ার শুরু

প্রতিটি সন্তানই ভিন্ন। কিছু কিছু ছেলেমেয়ের প্রতিবন্ধিত্ব থাকে যা তাদের জন্মের সময় সনাক্ত করা হয়। অন্যান্য ছেলেমেয়ের প্রতিবন্ধিত্ব থাকতে পারে যা পরবর্তিতে বা স্কুলে যাওয়ার পর সনাক্ত হয়। গুরুত্বপূর্ণ বিষয় হলো স্মরণ রাখা যে, ছেলেমেয়েরা ভিন্ন ভিন্ন গতিতে ও উপায়ে শেখে।

কীভাবে 3 থেকে 5 বছর বয়সের ছেলেমেয়ে স্পেশাল এডুকেশন প্রক্রিয়া শুরু করে, সেটা যেসবের উপর নির্ভর করে:

- ছেলেমেয়েটিকে সনাক্ত করা হয়েছিল বয়স 3 হওয়ার আগে এবং সে আর্লি ইন্টারভেনশন (অতি শৈশবে হস্তক্ষেপ, EI) সার্ভিস পেয়েছিল কি না;
- ছেলেমেয়েটি একটি প্রিস্কুল প্রোগ্রামে যাচ্ছে এবং সহপাঠীদের তুলনায় তার অগ্রগতি ধীর: এবং
- ছেলেমেয়েটি অন্য শিশুসেবা কাঠামোতে আছে এবং আপনি মনে করেন যে তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে।

### আর্লি ইন্টারভেনশন (অতি শৈশবের হস্তক্ষেপ, EI) থেকে স্থানানন্তর

আর্লি ইন্টারভেনশন (EI) প্রোগ্রাম জন্ম থেকে 3 বছর বয়সী যেসব ছেলেমেয়েদের বিকাশ বিলম্বিত, তাদের সার্ভিস দেয়। EI পরিচালনা করে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)।

যদি আপনার সন্তান বর্তমানে EI সার্ভিস পেতে থাকে এবং আপনি বিশ্বাস করেন যে তার হয়তে প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহের প্রয়োজন হবে, তাহলে আপনাকে অবশ্যই আপনার সন্তানকে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এ রেফারেল করতে হবে। এটা করা হয় কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনে (CPSE) একটি রেফারেল লেটার (সুপারিশপত্র) পাঠানোর মাধ্যমে। আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটর আপনাকে এই সুপারিশপত্র লিখায় সহায়তা করতে পারেন এবং এর নিয়মাবলী জানা যাবে 8 (আট) নম্বর পৃষ্ঠায়।

EI সার্ভিসগুলোর সময়সূচি করা হয় একটি ছেলেমেয়ের 3rd (তৃতীয়) জন্মদিনেরের পরে। আপনার সন্তান 3 বছর বয়সীতে পরিণত হওয়ার অন্তত ছয় মাস আগে আপনার সন্তানের EI সার্ভিস কোঅর্ডিনেটরকে স্থানান্তর প্রক্রিয়ায় আপনাকে সহায়তা প্রদান শুরু করতে হবে।

যদি আপনার সন্তানের বয়স 3 হওয়ার আগে CPSE একটি মিটিং ডাকেন এবং নির্ণয় করেন যে আপনার সন্তান সার্ভিসসমূহের জন্য উপযুক্ত, তাহলে আপনি বেছে নিতে পারেন:

- সেই সময়টিতে EI সার্ভিস সমাপ্ত করতে এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস শুরু করতে পারেন; অথবা
- আপনার সন্তানের জন্মতারিখের ভিত্তিতে আপনার সন্তানের EI সার্ভিস দীর্ঘায়িত করতে পারেন:

| জন্ম<br>1 জানুয়ারি –<br>31 অগাস্ট | জন্ম<br>1 সেপ্টেম্বর – 31 ডিসেম্বর |
|---|---|
| আপনার সন্তান EI সার্ভিস গ্রহণ অব্যাহত রাখতে পারে 31 অগাস্ট পর্যন্ত। | আপনার সন্তান EI সার্ভিস গ্রহণ অব্যাহত রাখতে পারে 31 ডিসেম্বর পর্যন্ত। |

EI থেকে আগত পরিবারসমূহের 3-K ফল অল-এ আবেদনেরও সুযোগ আছে। সকল পরিবারকে, প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য বিবেচিত হোক বা না হোক, আবেদন করতে উৎসাহিত করা হয়। আরও তথ্যের জন্য DOE-*এর গাইড বই আর্লি ইন্টারভেনশন টু প্রিস্কুল ট্রানজিশন* দেখুন যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/learning/special-education/preschool-to-age-21/moving-to-preschool ওয়েবপেজে।

### আপনার সন্তান যদি ইতোমধ্যে একটি প্রিস্কুল প্রোগ্রামে এনরোলড্ থাকে

বর্তমানে প্রিস্কুল প্রোগ্রামে এনরোল থাকা ছেলেমেয়েদের জন্য, কোনো ছেলেমেয়েকে স্পেশাল এডুকেশন সার্ভিসে সুপারিশ

**আপনার যদি ছেলেমেয়ের অগ্রগতি নিয়ে উদ্বেগ থাকে, তাহলে প্রথম ধাপ হবে আরও জানার জন্য আপনার সন্তানের চাহিদা ও অগ্রগতি নিয়ে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলা।**

করার আগে ছেলেমেয়েটিকে সহায়তাদানের জন্য পরিবার ও প্রিস্কুল স্টাফদেরকে ভিন্ন কৌশল সন্ধান করতে হবে। মিলিতভাবে, প্রাপ্তবয়স্করা তথ্য সংগ্রহ করতে পারেন, সহায়তাসমূহ ব্যবহার ও নজরদারি করতে পারেন, এবং ছেলেমেয়েদের জন্য পরবর্তী ধাপ নির্ণয় করতে পারেন।

আপনার যদি ছেলেমেয়ের অগ্রগতি নিয়ে উদ্বেগ থাকে, তাহলে প্রথম ধাপ হবে আরও জানার জন্য আপনার সন্তানের চাহিদা ও অগ্রগতি নিয়ে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলা। শিক্ষকের সাথে কথা বলার জন্য সময় ঠিক করে নিন। বৈঠকের জন্য প্রস্তুত হতে আপনার উদ্বেগ ও প্রশ্নসমূহের একটি তালিকা তৈরি করতে পারেন, যা নিয়ে আপনি আলোচনা করবেন। এর অন্তর্ভুক্ত হবে যে কোন কৌশল যা আপনার সন্তানকে সহায়তা দিতে বাড়িতে বা ক্লাসরুমে ব্যবহার করা হবে। আপনার সন্তানের শিক্ষককে আপনার সন্তান সম্পর্কে যতটুকে বেশি সম্ভব জানতে সহায়তা দিতে গুরুত্বপূর্ণ হলো:

- একটি গল্প মনোযোগের সাথে শোনা, বন্ধুদের সাথে খেলনা ভাগাভাগি করা বা তার পালার জন্য অপেক্ষায় থাকার মতো কোনো কিছুতে আপনার সন্তানকে যখন সফল হতে দেখেন, সেটাসহ সকল ইতিবাচক শিক্ষাগত অভিজ্ঞতার কথা জানাবেন।
- আপনার সন্তানের সক্ষমতা, দুর্বলতা এবং আগ্রহ সম্পর্কে আপনার ধারণা জানতে দেবেন।

## জিজ্ঞাসার জন্য প্রশ্নাবলী

আপনার সন্তানকে বেড়ে ওঠায় ও উন্নতিতে সহায়তা করার ব্যাপারে আপনাকে বুঝতে সহায়তার জন্য আপনি শিক্ষক(দের) কে প্রশ্ন করতে পারেন:

- আমার সন্তানের কয়েকটি ভালোর দিক কি কি? আমার সন্তানের জন্য ক্লাসরুমে কোন বিষয়গুলো চ্যালেঞ্জস্বরূপ মনে হয়?
- আমার সন্তানের সাহায্যের প্রয়োজন হলে আপনি কীভাবে সাহায্য করেন (বা করবেন)?
- আপনার কাছে কি আমার সন্তানের কাজের কিছু নমুনা আছে যা নিয়ে আমরা একসাথে কথা বলতে পারি? এসব কাজকে তার কাছ থেকে প্রত্যাশিত কাজের কিংবা বছরের শেষে সে যা জানতে বা করতে সক্ষম হবে, তার সাথে কীভাবে তুলনা করা যায়?
- কমিউনিটিতে এমন কোনো প্রোগ্রাম বা সার্ভিস আছে কি যা আমার সন্তানকে সহায়তা করতে পারে?
- আমি বাড়িতে বা বাড়ির আশেপাশে করতে পারি, তেমন কিছু কর্মকাণ্ড কি কি হতে পারে?
- আমার সন্তান কীভাবে ক্লাসের অন্যান্য ছেলেমেয়ে ও বয়স্কদের সাথে মেলামেশা করতে পারে?
- নির্দেশনা অনুসরণে কি আমার সন্তান সমস্যায় পড়ে? আমার সন্তানকে নির্দেশনা অনুসরণ করায় সহায়তা দিতে আপনি কী করেন?
- আমার সন্তান কীভাবে শেখে এবং ক্লাসরুমে অন্যান্য ছেলেমেয়ে ও বড়দের সাথে মেলামেশা করে, সে ব্যাপারে (আপনি যা লক্ষ্য করেছেন) আপনি আমাকে কী বলতে পারেন?
- আমার সন্তান কি তার বয়স অনুযায়ী প্রত্যাশিত গতিতে শিখছে ও অগ্রগতি অর্জন করছে?

আপনি যদি আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে অব্যাহতভাবে উদ্বিগ্ন থাকেন, তাহলে আপনি আপনার সন্তানকে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এ স্পেশাল এডুকেশন মূল্যায়নের জন্য রেফার করতে পারেন। আপনি বছরের যে কোনো সময় CPSE-এর কাছে একটি রেফারেল লেটার (সুপারিশপত্র) জমা দিয়ে একটা মূল্যায়নের রেফারেল করতে পারেন। রেফারেল লেটার (সুপারিশপত্র) লিখার উপায় দেখুন ৪ (আট) নম্বর পৃষ্ঠায়।

একজন পিতামাতা বা অভিভাবক হিসেবে আপনি আপনার সন্তানের সবচেয়ে ভালো কীসে, সেটা জানেন। আপনার সন্তানের যথাযথ সার্ভিস ও সহায়তা প্রাপ্তি নিশ্চিত করার জন্য CPSE আপনার সাথে কাজ করবে।

- আপনি সন্তানের ইতিবাচক আচরণ এবং/অথবা শিক্ষার উন্নয়ন ঘটাতে কোন সহায়তা বাড়িতে দিতে পারেন, তা নিয়ে কথা বলুন।
- আপনার সন্তানের কোন ক্ষেত্রটিতে বাড়তি সহায়তা প্রয়োজন বলে আপনি বোধ করেন, সেটা ব্যাখ্যা করুন।

আপনার সন্তান একটি 3-K বা প্রি-K ফর অল প্রোগ্রামে এনরোল থাকলে আপনি প্রোগ্রামটিতে কী করে স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যবস্থা করা যাবে, তা নিয়ে কথা বলার জন্য যে কোনো সময় CPSE-এর সাথে যোগাযোগ করতে পারবেন। আপনার সন্তান যদি যোগ্য নির্ণীত হয়, তাহলে আপনার সন্তানের জন্য সহায়ক যথাযথ সার্ভিস পনার পছন্দের প্রোগ্রামে সুপারিশের জন্য CPSE আপনার সাথে কাজ করবে।



## যেসব ছেলেমেয়ের বাড়ির ভাষা ইংরেজিভিন্ন অন্য কোনোটি

যদি আপনার সন্তানের বাড়ির ভাষা ইংরেজিভিন্ন অন্য কোনোটি হয়, তাহলে প্রিস্কুল প্রোগ্রামটিকে ক্লাসরুমে উভয় ভাষায় সক্ষমতা বৃদ্ধি করে আপনার সন্তানকে তার শিক্ষণে সহায়তা দিতে হবে। যদি সহায়তাদানের পরও আপনার সন্তানের অগ্রগতি নিয়ে প্রোগ্রামের উদ্বেগ থাকে, তাহলে আপনি স্পেশাল এডুকেশন সহায়তার প্রয়োজন আছে কি না, সেটা বিবেচনার জন্য আপনি একটি সুপারিশপত্র চাইতে পারেন।

## যদি আপনার সন্তান অন্য কোনো শিশুসেবা ব্যবস্থায় থাকে

যদি আপনার সন্তান অন্য কোনো শিশুসেবা ব্যবস্থায় থাকে—যেমন কোনো ডে কেয়ার বা পরিবারের কোনো সদস্যের তত্ত্বাবধানে—তাহলে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-কে আপনার সন্তানকে মূল্যায়নে ও বুঝতে সহায়তা দিতে আপনাকে বাড়িতে এবং তার চাইল্ড কেয়ার ব্যবস্থায় থাকাকালে আপনার সন্তানের চাহিদা ও দক্ষতা সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে। উপরের অংশে আলোচিত প্রশ্ন এবং সমস্যাগুলো নিয়ে ভাবুন। আপনার সন্তানের কোনো প্রতিবন্ধিত্ব এবং তার স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন বলে আপনি যদি বিশ্বাস করেন, তাহলে আপনার সন্তানকে স্পেশাল এডুকেশনের মূল্যায়নের জন্য CPSE-এর কাছে রেফার করতে পারেন। আপনি বছরের যে কোনো সময় CPSE-এর কাছে একটি রেফারেল লেটার (সুপারিশপত্র) জমা দিয়ে একটা মূল্যায়নের রেফারেল করতে পারেন। রেফারেল লেটার (সুপারিশপত্র) লিখার উপায় দেখুন 8 (আট) নম্বর পৃষ্ঠায়।

# প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া




## 1. রেফারেল

কমিটি অন স্পেশাল এডুকেশনের (CPSE)-এর কাছে রেফারেল-এর আগে পরিবার ও শিক্ষকদের মিলিতভাবে ছেলেমেয়েকে সহায়তা প্রদানের জন্য কয়েকটি বিকাশগত ও শিক্ষাগত হস্তক্ষেপ বাস্তবায়ন করার জন্য কাজ করতে হবে। রেফারেলের আগে শিক্ষকের সাথে কাজ করা ও সঠিক প্রশ্ন করা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে 6 নম্বর পৃষ্ঠা দেখুন।

### বয়সের যোগ্যতা

ছেলেমেয়েদের বয়স যখন 3 হবে, তখন থেকে তার প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস পেতে শুরু করতে পারে। সঠিক তারিখ নির্ভর করে ছেলেমেয়ের জন্মতারিখের উপর।

| জন্ম<br>1 জানুয়ারি – 30 জুন | জন্ম<br>1 জুলাই – 31 ডিসেম্বর |
|---|---|
| সার্ভিস শুরু হতে পারে যে বছর ছেলেমেয়েটির বয়স 3 হবে, সে বছরের 2 জানুয়ারি। | সার্ভিস শুরু হতে পারে যে বছর ছেলেমেয়েটির বয়স 3 হবে, সে বছরের 1 জুলাই। |

ছেলেমেয়ের বয়স যে বছর 5 হবে, সে বছরের জুন পর্যন্ত (অথবা অগাস্ট পর্যন্ত, যেক্ষেত্রে দীর্ঘায়িত বছরের সার্ভিস সুপারিশ করা হয়) সার্ভিস অব্যাহতভাবে পেতে পারে। ছেলেমেয়েরা স্কুল বয়সীদের স্পেশাল এডডুকেশন সার্ভিস পাওয়ার যোগ্য হবে যে স্কুল বছরে বয়স 5 হবে, সে শিক্ষা বছরের শুরু থেকে।

### কীভাবে একটি রেফারেল করা হয়

আপনি যদি আপনার সন্তানের বেড়ে ওঠা সম্পর্কে উদ্বিগ্ন হন এবং আপনি যদি একটি প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়নে আগ্রহী হন, তাহলে আপনি আপনার স্থানীয় CPSE-এর কাছে একটি চিঠি লিখতে পারেন। এই চিঠিকে বলা হয় "initial referral" (প্রাথমিক সুপারিশ) এবং এটা হতে হবে লিখিত। রেফারেলে আপনাকে:

- বলতে হবে যে আপনি একটি প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়নের অনুরোধ করছেন;
- আপনার সন্তানের পূর্ণ, আইনি নাম এবং জন্মতারিখ দিতে হবে;
- আপনার সন্তানের বেড়ে ওঠা সম্পর্কে আপনার উদ্বেগের নির্দিষ্ট ক্ষেত্রগুলোর বর্ণনা দিতে হবে;
- আপনার সন্তান কোনো সার্ভিস অতীতে পেয়ে থাকলে বা বর্তমানে পেতে থাকলে তার তালিকা দিতে হবে;
- আপনার নাম, একটি ঠিকানা, এবং একটি টেলিফোন নম্বরসহ পূর্ণ যোগাযোগের তথ্য দিতে হবে যেখানে CPSE আপনাকে পেতে পারে; এবং
- যদি ইংরেজি না হয়, তাহলে আপনার প্রধান ভাষা কী, জানাতে হবে।

আপনার সন্তান বর্তমানে যদি EI সার্ভিসসমূহ লাভ করে, তাহলে আপনি আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটরকে এই চিঠি লিখায় সহায়তা দিতে বলতে পারেন। EI থেকে স্থানান্তর সম্পর্কে আরও তথ্যের জন্য 5 নম্বর পৃষ্ঠায় দেখুন।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

আপনি রেফারেলটি আপনার CPSE-এর কাছে হাতে হাতে, ফ্যাক্সযোগে বা ডাকযোগে পাঠাতে পারেন। আপনার সন্তানের বসবাসের ঠিকানাটি কোন CPSE-এর আওতাধীন এবং আপনার CPSE অফিসের ঠিকানা জানতে হলে আপনি:

- CPSE-সমূহের তথ্য দেখুন 37 নম্বর পৃষ্ঠায়;
- CSE/CPSE-এর ওয়েবসাইট দেখুন https://www.schools.nyc.gov/special-education/help/committees-on-special-education
- 311 নম্বরে ফোন করুন; অথবা
- DOE-এর ফাইন্ড এ স্কুল (স্কুল খোঁজা) ওয়েবপেজ দেখুন https://www schools nyc gov/find-a-school। 'ফাইন্ড এ স্কুল' ব্যবহার করতে আপনার সন্তানের বাড়ির ঠিকানা বা বরো টাইপ করে দিন। অ্যাপার্টমেন্ট নম্বরের মত তথ্য দিতে হবে না। "Search"-এ ক্লিক করুন। ওয়েবসাইটি আপনার সবচেয়ে কাছের স্কুলটির ঠিকানা দেবে। স্কুল ডিস্ট্রিক্ট প্রদর্শিত হবে। প্রতিটি CPSE-তে অনেকগুলো স্কুল আওতাভুক্ত থাকে।

একটি রেফারেল লেটার (সুপারিশপত্র) লিখতে বা পাঠাতে সহায়তার প্রয়োজন হলে আপনার CPSE-এর সাথে যোগাযোগ করুন। যোগাযোগের তথ্যের জন্য 37 নম্বর পৃষ্ঠা দেখুন।

### পিতামাতা ছাড়া কে প্রাথমিক রেফারেল করতে পারেন?

পিতামাতা ছাড়া আরও রেফারেল দিতে পারেন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর কোনও স্কুলের প্রিন্সিপ্যাল বা কোনো CPSE প্রশাসক।

আপনি যদি একজন ফস্টার (পালক) পিতামাতা হন, তাহলে বাড়তি নির্দেশনার জন্য পৃষ্ঠা 26 দেখুন।

### প্রাথমিক রেফারেলের জন্য কে অনুরোধ করতে পারেন?

অন্য কোনো ব্যক্তিও CPSE-এর কাছে স্পেশাল এডুকেশনের জন্য একটি লিখিত অনুরোধ জমা দিয়ে প্রাথমিক রেফারেল প্রক্রিয়া শুরু করতে পারেন। শিক্ষার্থীর জন্য স্পেশাল এডুকেশনে রেফার (সুপারিশ) করার অনুরোধ করতে পারেন:

- শিক্ষার্থী যেখানে বসবাস করে, সেখানকার স্কুল ডিস্ট্রিক্টের পেশাদার স্টাফদের একজন;
- শিক্ষার্থী যে সরকারি বা বেসরকারি স্কুলে যাচ্ছে বা যাওয়ার যোগ্য, সেখানকার পেশাদার স্টাফদের একজন;
- কোনো লাইসেন্সধারী চিকিৎসক;
- একজন বিচারিক কর্মকর্তা; কিংবা
- কোনো সরকারি এজেন্সির পেশাদার কর্মচারী যিনি ছেলেমেয়েদের কল্যাণ, স্বাস্থ্য, কিংবা শিক্ষার দায়িত্বে নিয়োজিত।

এসব ব্যক্তিদের কেউ যখন প্রাথমিক রেফারেলের একটি অনুরোধ জমা দেন, তখন গুরুত্বপূর্ণ হলো অনুরোধে যেন:

- রেফারেলের অনুরোধ করার কারণ বিবৃত থাকে এবং কোনো পরীক্ষা করা হয়ে থাকলে তার ফল, রেকর্ড, কিংবা রিপোর্ট, যেগুলো হলো রেফারেলের অনুরোধের ভিত্তি;
- ছেলেমেয়েটির সাফল্য বৃদ্ধির জন্য রেফারেলের অনুরোধ জানাবার আগে যেসব হস্তক্ষেপ ব্যবহার করা হয়েছে, সেগুলোর বর্ণনা; এবং
- রেফারেলের অনুরোধ জানাবার আগে পিতামাতাদের সাথে কতটুকু যোগাযোগ করা হয়েছে বা সংশ্লিষ্ট করা হয়েছে, তার বিবরণ।

যখন CPSE কোনো রেফারেলের অনুরোধ পায়, তখন CPSE 10 স্কুল দিবসের মধ্যে হয়:

- রেফারেল প্রক্রিয়া শুরু করবে এবং আপনার কাছে একটি রেফারেল প্যাকেট (নিচে দেখুন) পাঠাবে; না হয়

ছেলেমেয়েদের বয়স যখন 3 হবে, তখন থেকে তার প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস পেতে শুরু করতে পারে।

- আপনার যে অধিকার আছে আপনার সন্তানের একটি প্রাথমিক মূল্যায়নে রেফার (সুপারিশ) করার, এটা জানাতে আপনাকে রেফারেলের অনুরোধের একটি কপি দেবে এবং দেখা করার আহ্বান জানাবে।

### রেফারেল প্যাকেট

একটি প্রাথমিক রেফারেল করার পর CPSE আপনার কাছে প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য ডাকযোগে একটি রেফারেল প্যাকেট পাঠাবে যাতে থাকবে:

- রেফারেল হস্তগত হয়েছে, এই মর্মে একটি নোটিস;
- নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত মূল্যায়নকারীদের ("approved evaluation sites") একটি তালিকা;
- একটি "consent for initial evaluation" (মূল্যায়নের সম্মতি ফর্ম;
- একটি শিশু ও কিশোরদের স্বাস্থ্য পরীক্ষার (Child and Adolescent Health Examination) ফর্ম;
- আপনার অধিকার সম্পর্কিত তথ্য:
- এই পারিবারিক গাইড বইয়ের কপি; এবং
- এবং অন্তর্ভুক্তিমূলক (inclusive) প্রিস্কুল বাছাইয়ের সুযোগ সম্পর্কিত তথ্য।

আপনি যদি দুই সপ্তাহের মধ্যে একটি রেফারেল প্যাকেট লাভ না করেন, তাহলে আপনাকে সাহায্যের জন্য CPSE-তে ফোন করতে হবে। আপনি প্যাকেটটি পাওয়ার পর আপনাকে একটি মূল্যায়নের সময়সূচি ঠিক করতে হবে রেফারেল প্যাকেটে দেওয়া তালিকাভুক্ত একটি অনুমোদিত মূল্যায়নকারীর সাথে।



আপনি যদি আপনার সন্তানের বেড়ে ওঠা সম্পর্কে উদ্বিগ্ন হন এবং আপনি যদি একটি প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়নে আগ্রহী হন, তাহলে আপনি আপনার স্থানীয় CPSE-এর কাছে একটি চিঠি লিখতে পারেন।

**1** রেফারেল (সুপারিশ) → **2** মূল্যায়ন → **3** CPSE মিটিং → **4** সার্ভিসেস (পরিষেবাসমূহ)

## 2. মূল্যায়ন

### মূল্যায়ন প্রক্রিয়া

নিচের দেওয়া আরও বিস্তারিত বর্ণনা অনুযায়ী, আপনি যখন রেফারেল প্যাকেটটি পাবেন, তখন আপনাকে দেওয়া তালিকা থেকে একটি অনুমোদিত মূল্যায়নকারী বেছে নিতে এবং সে মূল্যায়নকারী এজেন্সির সাথে যোগাযোগ করতে হবে। আপনি যে মূল্যায়নকারী এজেন্সির সাথে যোগাযোগ করবেন, সেটা:

- মূল্যায়ন প্রক্রিয়া ও ন্যায়সঙ্গত প্রক্রিয়া লাভে আপনার অধিকার ব্যাখ্যা করার, এবং একটি লিখিত সম্মতি গ্রহণের জন্য আপনার সাথে একটি সাক্ষাতের সময় ঠিক করবে;
- কমিটি অন স্পেশাল এডুকেশন (CPSE)-কে জানাবে যে তারা আপনার সন্তানের মূল্যায়নের সম্মতি পেয়েছে;
- যথাযথ মূল্যায়ন পরিচালনা করবে; এবং
- প্রিস্কুল শিক্ষার্থীর মুল্যায়নের সারসংক্ষেপ রিপোর্ট (Preschool Student Evaluation Summary Report) পূরণ করবে যাতে পরিচালিত মূল্যায়নের সংক্ষিপ্তসার অন্তর্ভুক্ত থাকবে।

মূল্যায়ন পরিচালিত হবে আপনার অর্থব্যয় ছাড়া।

আপনার রেফারেল প্যাকেটে নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত মূল্যায়নকারী সাইটসমূহের একটি তালিকা রয়েছে যারা প্রিস্কুল মূল্যায়ন করেন।

### কীভাবে একটি মূল্যায়নের ব্যবস্থা করা যায়

আপনার রেফারেল প্যাকেটে নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত মূল্যায়নকারী সাইটসমূহের একটি তালিকা রয়েছে যারা প্রিস্কুল মূল্যায়ন করেন। আপনাকে এই তালিকা পর্যালোচনা করতে হবে এবং তালিকা থেকে একটি এজেন্সি বেছে নিতে হবে। অধিকাংশ মূল্যায়নকারী সাইটগুলো বেসরকারি প্রতিষ্ঠান, তবে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসেও প্রিস্কুল মূল্যায়নের ব্যবস্থা আছে। কে আপনার সন্তানকে মূল্যায়ন করবে, সেটা বাছাইয়ের সময় আপনাকে জিজ্ঞাসা করতে হবে তারা কত দ্রুত মূল্যায়ন পরিচালনা করতে পারবে। এই তথ্য মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর যথাসময়ে দ্রুত একটি CPSE মিটিং আয়োজনে সহায়তা করবে। আপনি একটি এজেন্সি বেছে নেওয়ার পর আপনাকে যত দ্রুত সম্ভব একটি সাক্ষাতের সময় ঠিক করে নিতে হবে।

কিছু ছেলেমেয়ের একটি **বাইলিঙ্গুয়াল (দ্বিভাষিক)** মূল্যায়ন **আবশ্যিক,** যেটি পরিচালিত হবে ইংরেজি ও ছেলেমেয়ের বাড়ির ভাষায় বা মাতৃভাষায়। যেসব এজেন্সি বাইলিঙ্গুয়াল মূল্যায়ন করে, তারা নির্দিষ্ট কোন ভাষায় (ইংরেজিভিন্ন) মূল্যায়ন করেন, সেটা উল্লেখসহ সেগুলোকে রেফারেল প্যাকেটে দেওয়া এজেন্সির তালিকায় চিহ্নিত করা আছে। এছাড়াও আপনি আপনার CPSE-এর সাথে বাইলিঙ্গুয়াল (দ্বিভাষিক) মূল্যায়নকারী এজেন্সি খোঁজায় সহায়তার জন্য যোগাযোগ করতে পারেন। আপনার সন্তানের একটি বাইলিঙ্গুয়াল মূল্যায়ন প্রয়োজন কি না, সেটা নিশ্চিত করতে সহায়তার জন্য মূল্যায়নকারী এজেন্সি মূল্যায়নের ভাষা সনাক্ত করতে আপনার সন্তানকে একটি হোম ল্যাঙ্গুয়েজ সার্ভে (বাড়ির ভাষা সমীক্ষা) প্রদান করবে।

আপনি একটি মূল্যায়নকারি এজেন্সি খোঁজায় সহায়তা চাইলে আপনার CPSE-এর সাথে যোগাযোগ করতে পারেন। DOE প্রিস্কুল মূল্যায়ন আয়োজন করা যেতে পারে যে CSE অফিসের অধীনে আপনার হোম ডিস্ট্রিক্ট নিয়ন্ত্রিত, সে অফিসে যোগাযোগ করে DOE প্রিস্কুল মূল্যায়ন আয়োজন করা যেতে পারে। যোগাযোগের তথ্যের জন্য 37 নম্বর পৃষ্ঠা দেখুন।



## মূল্যায়নের জন্য জেনেশুনে আপনার সম্মতি দেওয়া

মূল্যায়নকারী এজেন্সি আপনার সন্তানকে মূল্যায়নের আগে আপনাকে অবশ্যই লিখিতভাবে মূল্যায়নের অনুমতি দিতে হবে। এটাকে বলা হয় "informed consent" (সজ্ঞাত সম্মতি)। সজ্ঞাত সম্মতির অর্থ হচ্ছে যে, এজেন্সি আপনার প্রাধান্যের ভাষায় মূল্যায়ন ও আপনার অধিকারসমূহের ব্যাপারে প্রাসঙ্গিক তথ্য আপনাকে ভালোভাবে জানিয়েছে। আপনার সম্মতি অবশ্যই হতে হবে স্বেচ্ছাকৃত ও লিখিত, এবং সেটা যে কোনো সময় বাতিলযোগ্য (প্রত্যাহার করা যায়)। যদি পুতামাতা হিসেব আপনি মূল্যায়নের সম্মতি না দেন, তাহলে স্পেশাল এডুকেশন্ মূল্যায়ন শুরু করা যাবে না, এবং CPSE আপনাকে জানাবে যে, কেসটি বন্ধ করা হয়েছে ও আর কোনো পদক্ষেপ নেওয়া হবে না।

মূল্যায়নে সম্মতি দিয়ে আপনি স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য সম্মতি দিচ্ছেন না। আপনি আপনার সন্তানকে মূল্যায়ন করাতে এবং আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিস (যোগ্য হলে) না নেওয়ার সিদ্ধান্ত নিতে পারবেন।

আপনার অধিকার আছে মূল্যায়ন প্রক্রিয়া যে কোনো সময় CPSE-এর কাছে লিখিত দিয়ে শেষ করার এবং আপনি যে আপনার সন্তানের মূল্যায়নের সম্মতি প্রত্যাহার করতে চাইছেন, সেটা লিখিতভাবে CPSE-কে জানিয়ে দেবার। আপনি যখন মূল্যায়ন বন্ধ করতে সিদ্ধান্ত নেবেন, তখন আপনার সন্তানের CPSE কেসও আপনা-আপনি বন্ধ হয়ে যাবে। তবে, যদি কখনও সম্মতি প্রত্যাহার করেন, সে সম্মতি ভূতাপেক্ষ হবে না, অর্থাৎ সম্মতি প্রত্যাহারের পূর্বে যে পদক্ষেপগুলো গ্রহণ করা হয়ে গেছে, সেগুলোকে অকার্যকর করবে না।

আপনি যদি একজন ফস্টার (পালক) পিতামাতা হন, তাহলে বাড়তি নির্দেশনার জন্য পৃষ্ঠা 26 দেখুন।

আপনি সম্মতি দেবার কালে স্মরণ রাখবেন যে, CPSE-কে অবশ্যই একটি CPSE মিটিং ডাকতে হবে সম্মতি ফর্ম-এ আপনি স্বাক্ষর দেবার 60 পঞ্জিকা দিবসের মধ্যে। যেহেতু এই সময়সীমা শুরু হবে না আপনি সম্মতি ফর্ম-এ সই করা পর্যন্ত, তাই গুরুত্বপূর্ণ বিষয় হলো আপনার প্রথম মূল্যায়নের সময় যথাশীঘ্র সম্ভব শুরু করা। CPSE দ্রুত যথাযথ সার্ভিস আয়োজন করার জন্য পর্যাপ্ত সময় (CPSE সভার 30 স্কুল দিবসের অধিক নয় এবং মূল্যায়নের জন্য সম্মতি ফরম সই করার 60 স্কুল দিবসের মধ্যে, কিংবা প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতা অর্জনের প্রথম দিন থেকে) পাচ্ছে, সেটা নিশ্চিত করতে এটা সহায়তা করবে।

## প্রাথমিক মূল্যায়নে কী অন্তর্ভুক্ত হবে?

আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন গঠিত হবে যা নিয়ে:

- একটি সমন্বিত মনোবৈজ্ঞানিক মূল্যায়ন যা দেখবে আপনার সন্তান কী জানে এবং তার জ্ঞানগত সক্ষমতা;
- একটি সামাজিক ইতিহাসের সাক্ষাৎকার যা আপনার সন্তানের বিকাশগত ইতিহাস ও পরিবারের ইতিহাস, সাধারণত জন্ম থেকে বর্তমান পর্যন্ত;
- একটি শারীরিক মূল্যায়ন, যেটা হলো স্বাস্থ্যগত পরীক্ষা যা সাধারণত ছেলেমেয়ের ডাক্তার পূরণ করে থাকেন;
- আপনার সন্তানের বর্তমান শিক্ষাগত কাঠামো বা চাইল্ডকেয়ার (শিশু-তত্ত্বাবধান)-এর স্থানে করা পর্যবেক্ষণ;



এবং

- ছেলেমেয়ের সন্দেহ করা প্রতিবন্ধিত্বে যেগুলোর ভূমিকা রয়েছে কি না, সেটা নিশ্চিত হওয়ার জন্য প্রয়োজনে অন্যান্য প্রাসঙ্গিক শারীরীক, মানসিক, আচরণগত এবং আবেগজনিত বিষয়ের মূল্যায়ন।

## বেসরকারি মূল্যায়ন

আপনার দেওয়া তথ্যসহ আপনার সন্তানের সকল তথ্য CPSE-কে অবশ্যই বিবেচনা করতে হবে। যেখানে আপনার বেছে নেওয়া মূল্যায়নকারী এজেন্সি সকল প্রয়োজনীয় পরীক্ষা ও মূল্যায়ন পরিচালনা করেন, আপনান নিজের ব্যয়ে পরিচালিত কোনো বেসরকারি মূল্যায়ন করিয়ে থাকলে CPSE-কে আপনি তা দিতে পারেন। যদি কোনো বেসরকারী চিকিৎসক বা মূল্যায়নকারীর করা কোনো মূল্যায়ন আপনার কাছে থাকে যা CPSE যেন পর্যালোচনা করে বলে আপনি চাইতে পারেন, আপনার উচিৎ সেগুলো মূল্যায়নকারী এজেন্সি ও CPSE প্রশাসককে জানানো। যদি আপনার সন্তান আর্লি ইন্টারেভেনশন (EI) সার্ভিস লাভ করে, তাহলে আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটরকে আপনার অনুমতি নিয়ে EI মূল্যায়ন এবং রেকর্ড CPSE-এর কাছে পাঠানো। কখনও কখনও CPSE কোনো মূল্যায়নকারি এজেন্সির করা নতুন মূল্যায়নের স্থলে বেসরকারি মূল্যায়ন বা সাম্প্রতিক EI মূল্যায়ন গ্রহণ করে। অন্য সময় CPSE বেসরকারি বা EI-এর মূল্যায়ন বিবেচনা করবে, কিন্তু নতুন মূল্যায়নের স্থলাভিষিক্ত করবে না। উভয় ক্ষেত্রে CPSE আপনার দেওয়া যে কোনো বিষয় বিবেচনা করবে।

## মূল্যায়নের সারাংশ

মূল্যায়নের সাইট প্রিস্কুল শিক্ষার্থী মুল্যায়নের সারাংশ রিপোর্টসহ মূল্যায়নের রিপোর্টের একটি কপি পিতামাতা হিসেবে আপনাকে দেবে। কপি CPSE প্রশাসকের কাছেও পাঠানো হবে।

মূল্যায়নের রিপোর্ট ও সারাংশ পাওয়ার পর মূল্যায়ন পর্যালোচনার জন্য আপনার এবং CPSE-এর সাথে একটি মিটিং-এর সময় নির্ধারণ করা হবে।

### শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য বিনিময় করা

যে কোনো পর্যায়ে যদি আপনার সন্তানের ঠিকানা, নাম, অভিভাবক বা অভিভাবকের ফোন নম্বর পরিবর্তন হয়, তাহলে সেসব হালনাগাদ তথ্য CPSE ও প্রিস্কুল প্রোগ্রামকে জানানো গুরুত্বপূর্ণ। আপনি যাতে আপনার সন্তান সম্পর্কে বিজ্ঞপ্তি ও সহায়তা লাভ করেন, সেটা নিশ্চিত করতে এটা সহায়তা করবে।




## 3. CPSE মিটিং

### উপরিচিত্র

আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন যখন সম্পন্ন হবে, তখন আপনাকে পারস্পরিকভাবে সম্মত সময়ে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর একটি মিটিং-এ আমন্ত্রণ জানানো হবে। আপনি যাতে তথ্য ও পরামর্শ দিতে পারেন এবং CPSE-এর সাথে একযোগে একটি টিম হিসেবে আপনার সন্তান সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে কাজ করতে পারেন, সেজন্য পিতামাতা হিসেবে CPSE সভায় আপনার অংশগ্রহণ খুব গুরুত্বপূর্ণ।

প্রারম্ভিক CPSE সভা অনুষ্ঠিত হবে আপনার সন্তানের মূল্যায়নের সম্মতি দিয়ে ফরম-এ সই দেওয়ার 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে। আপনাকে CPSE-তে একটি মিটিং-এ যোগদানের জন্য মিটিং-এর সময়, তারিখ ও স্থান সম্পর্কিত তথ্য উল্লেখ করা একটি আমন্ত্রণপত্র পেতে হবে কমপক্ষে মিটিং-এর পাঁচদিন আগে। আপনি যদি মিটিং-এ অংশগ্রহণ করতে অপারগ হন, তাহলে আপনাকে তারিখ পরিবর্তনের জন্য CPSE-এর সাথে যোগাযোগ করতে হবে।

একটি CPSE মিটিং-এ টিমের সবাই মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করবেন, আপনার সন্তান সম্পর্কে মতবিনিময় করবেন ও আরও জানবেন, এবং সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, সেটা নির্ধারণ করবেন। উপযুক্ততার মানদণ্ড সম্পর্কে আরও তথ্যের জন্য 16 নম্বর পৃষ্ঠায় দেখুন।

যদি যোগ্য বলে নির্ধারিত হয়, তাহলে CPSE একটি ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তি শিক্ষা পরিকল্পনা, IEP) তৈরি করবে। IEP সম্পর্কে আরও জানুন 18 নম্বর পৃষ্ঠা থেকে। IEP-তে দেওয়া সকল সার্ভিস এবং প্রোগ্রামের ব্যবস্থা করবে আপনার CPSE, যার জন্য আপনাকে কোন অর্থ দিতে হবে না।

আপনার সন্তানকে প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী হিসেবে সনাক্ত করার পর প্রতি বছর কমপক্ষে একবার CPSE মিটিং-এ আপনার সন্তানের IEP পর্যালোচনা করা হবে। এগুলোকে বলা হয় "বার্ষিক পর্যালোচনা" (Annual Reviews)। বার্ষিক পর্যালোচনা সম্পর্কে আরও তথ্যের জন্য 20 নম্বর পৃষ্ঠায় দেখুন। তদুপরি আপনার সন্তানকে একটি পুনর্মূল্যায়নের জন্য রেফার করা যেতে পারে। পুনর্মূল্যায়ন সম্পর্কে আরও তথ্যের জন্য 20 নম্বর পৃষ্ঠায় দেখুন।



CPSE মিটিংসমূহের প্রস্তুতি সম্পর্কে আরও বিস্তারিত জানা যাবে নিচের সেকশন থেকে।

## CPSE মিটিং-এর জন্য প্রস্তুতি

CPSE মিটিং-এর আগে মিটিং-এর জন্য সবচেয়ে কার্যকরভাবে প্রস্তুত হতে ও অংশগ্রহণ করতে নিম্নলিখিত পদক্ষেপগুলোর কিছু কিছু গ্রহণ করতে পারেন:

- ফলাফল পর্যালোচনা অনুমোদিত মূল্যায়ন সাইট আপনার কাছে মূল্যায়ন ও মূল্যায়নের সারসংক্ষেপ প্রেরণ করবে এবং CPSE সভার পূর্বে মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করতে পারে। মূল্যায়নের কোন্ অংশ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং কোন্ অংশ সম্পর্কে আপনার প্রশ্ন আছে বলে আপনি মনে করেন, সেটা বিবেচনা করুন।

- আপনার সন্তানকে যারা জানেন, যারা আপনার সন্তানের চাহিদা সম্পর্কে যারা গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহায়তা করতে পারবেন, যেমন শিক্ষক, পরিষেবা প্রদানকারী বা চিকিৎসক, তাদের কাছ থেকে তথ্য ও নথি সংগ্রহ করুন।

- প্রিস্কুলের ছেলেমেয়েদের মানদণ্ড সম্পর্কে লভ্য তথ্য পর্যালোচনা করুন 16 নম্বর পৃষ্ঠায়।

- আপনার সন্তান কোথায় ভালো ও কোথায় দুর্বল, এবং তা কীভাবে তার প্রাতিষ্ঠানিক, সামাজিক, আবেগগত ও শারীরিক বিকাশকে প্রভাবিত করছে, তা নিয়ে কথা বলতে প্রস্তুত থাকবেন।

- প্রিস্কুলের ছেলেমেয়েদের যেসব প্রোগ্রাম ও পরিষেবার সুযোগ দেয়া হতে পারে, তা পর্যালোচনা করুন 22 নম্বর পৃষ্ঠায়)

- যারা সভায় যাদের উপস্থিত থাকা উচিত, তাদের সম্পর্কে ভাবুন এবং তাদেরকে সঙ্গে আনার কিংবা ফোনে তাদের উপস্থিত রাখার ব্যবস্থা করুন। আপনার সন্তান যদি কোন প্রোগ্রামে থাকে, নিশ্চিত করবেন যে তার শিক্ষক অংশগ্রহণের পরিকল্পনা করছেন।

- ইংরেজি যদি আপনার প্রধান ভাষা না হয়, তাহলে অন্ততঃ 72 ঘণ্টা আগে CPSE-কে একজন দোভাষীর ব্যবস্থা করতে অনুরোধ জানান।

- মিটিং-এর জন্য আপনার প্রস্তুতিকালে এনরোলমেন্ট প্রক্রিয়ার কোন পর্যায়ে আছেন, তা ভাবুন। আপনি 3-K বা প্রি-K ফর অল প্রোগ্রামের মতো একটি প্রিস্কুল প্রোগ্রামে আবেদন করার ব্যাপারে আগ্রহী হতে পারেন, হয়তো ইতোমধ্যে আপনি আবেদন করেছেন কিংবা হয়তো ইতোমধ্যে অংশগ্রহণ করছেন। CPSE মিটিং-এ আপনি এ তথ্য জানাতে পারেন। আপনার এনরোলমেন্ট যে কোনো পর্যায়ে থাকুক না কেন, আপনার সন্তানের জন্য সহায়ক যথাযথ সার্ভিসসমূহ আপনার পছন্দের প্রোগ্রামে সুপারিশের জন্য CPSE আপনার সাথে কাজ করবে।

## CPSE মিটিং-এর অংশগ্রহণকারীগণ

পিতামাতা হিসেবে আপনারা CPSE টিমের খুব গুরুত্বপূর্ণ সদস্য। অন্যান্য অংশগ্রহণকারীদের মধ্যে আছেন:

- প্রারম্ভিক CPSE মিটিং-এর জন্য এবং সন্তান যদি সাধারণ শিক্ষার শিক্ষার্থী হয়, সেক্ষেত্রে একজন সাধারণ শিক্ষার শিক্ষক;

- একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক বা পরিষেবা প্রদানকারী (প্রযোজ্য হলে);

- একজন ডিস্ট্রিক্ট প্রতিনিধি (CPSE প্রশাসক);

- আপনার সন্তান সম্পর্কে জানেন এমন অন্য ব্যক্তিবর্গ বা অন্য কোন বিশেষজ্ঞ;

- আপনি অনুরোধ জানালে, আরলি ইন্টারভেনশন (EI) সার্ভিস কোঅর্ডিনেটর; এবং

- বাড়তি একজন পিতামাতা (প্যারেন্ট মেম্বার), যদি আপনি সভার 72 ঘণ্টা আগে অনুরোধ জানিয়ে থাকেন। স্কুল ডিস্ট্রিক্টের কোন প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতামাতা যিনি IEP বৈঠকে অংশগ্রহণ করেন এবং অবগত অথবা অনুমিত প্রতিবন্ধিতা আছে এমন শিক্ষার্থীর পিতামাতাকে তার সন্তানের শিক্ষা সম্পর্কিত সিদ্ধান্তগ্রহণে সহায়তা করেন, তিনি হলেন প্যারেন্ট মেম্বার।

**একটি CPSE মিটিং-এ টিমের সবাই মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করবেন, আপনার সন্তান সম্পর্কে মতবিনিময় করবেন ও জানবেন, এবং সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, সেটা নির্ধারণ করবেন।**

## একটি CPSE মিটিং-এ আপনার ভূমিকা

CPSE মিটিংয়ে আপনি সেসব সিদ্ধান্তে অংশগ্রহণ করতে পারেন যা আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রামের যোগ্যতা সংক্রান্ত বিষয়ে গ্রহণ করা হয়। আপনি আপনার সন্তানকে সবচেয়ে ভালো জানেন এবং তার সক্ষমতা, আগ্রহ ও চাহিদা সম্পর্কে বলতে পারেন। এবং পিতামাতা হিসেবে আপনার সন্তানকে সবচেয়ে ভালো শিক্ষাদান ও সহায়তা করার উপায় সম্পর্কে ধারণা ও ভাবনা নিয়ে আপনি কথা বলতে পারেন।

CPSE মিটিংয়ে আপনাকে যা করতে হবে:

- আপনার সন্তান সম্পর্কে ধারণা দেওয়া, যেমন কীভাবে আপনার সন্তান শিখে বা তার আগ্রহ কি, ইত্যাদি;
- আপনার সন্তান যা শিখছে, সেগুলো বাড়িতে ব্যবহার করছে কি না, সে ব্যাপারে রিপোর্ট দেওয়া; এবং
- আপনার সন্তান যদি যোগ্য হয়, তাহলে একটি IEP তৈরির জন্য টিম-এর অন্যান্যদের সাথে কাজ করা।

## একটি CPSE মিটিং-এ জিজ্ঞাসার জন্য প্রশ্নাবলী

- IEP-এর লক্ষ্য বাস্তবায়নের পথে আমার সন্তানের অগ্রগতি ও উন্নতিতে বাড়িতে আমি কীভাবে সহায়তা দিতে পারি?
- আমার সন্তান কীভাবে সবচেয়ে ভালো শিক্ষালাভ করে? প্রিস্কুল প্রোগ্রাম কীভাবে আমার সন্তানের সক্ষমতাকে ব্যবহার করার সাথে সাথে তাকে শেখাবে?
- IEP-এর লক্ষ্য বাস্তবায়নের বিষয়ে আমার সন্তানের অগ্রগতি কতো ঘন ঘন তত্ত্বাবধান করা হবে?
  আমার সন্তানের প্রাতিষ্ঠানিক ও আচরণগত অগ্রগতির সম্পর্কে সজ্ঞাত থাকার জন্য আমার সন্তানের প্রিস্কুল প্রোগ্রামের সাথে সংশ্লিষ্ট থাকার সবচেয়ে সেরা উপায়গুলো কী কী?
- আমার সন্তান IEP-এর লক্ষ্য বাস্তবায়নের পথে অগ্রসর হচ্ছে কি না, আমি কী করে সেটা জানতে পারবো?
- কোন সার্ভিস ও সহায়তা আমার সন্তানের চাহিদা সবচেয়ে ভালো পূরণ করতে পারবে? সেগুলোর ব্যবস্থা কীভাবে করা যেতে পারে?
- প্রিস্কুল প্রোগ্রাম কীভাবে আমার সন্তানের শিক্ষণগত ও আচরণগত চাহিদার জন্য ব্যবস্থা গ্রহণ করে বা করতে পারে?

### যোগ্যতা

একজন প্রিস্কুল শিক্ষার্থীকে স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য বিবেচনা করা হয়, যদি বেড়ে ওঠার এক বা একাধিক ক্ষেত্রে অগ্রগতি অর্জনের গ্রহণযোগ্য মাত্রার সাথে তুলনায় উল্লেখযোগ্য বিলম্ব পরিলক্ষিত হয়।

- জ্ঞানগত (চিন্তাভাবনা করা ও শেখা)
- ভাষা ও যোগাযোগ (বুঝতে পারা ও ভাষা ব্যবহার করা);
- অভিযোজনগত (আত্মনির্ভরশীলতা দক্ষতা, যেমন টয়লেট ব্যবহার, আহার ও পোশাক পরিধান করা);
- মনো-সামাজিক (অন্যদের সাথে মেলামেশা এবং অনুভূতি প্রকাশের মতো আচরণ); এবং/অথবা
- পেশীসঞ্চালন শেখা (শারীরীক বৃদ্ধি, যার অন্তর্ভুক্ত আছে দৃষ্টি, শ্রবণ এবং চলাফেরায় বিলম্ব বা বৈকল্য)

এছাড়াও কোনো প্রিস্কুলের ছেলেমেয়ে স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য হবে, যদি সে:

- নিম্নলিখিত প্রতিবন্ধিত্বের মানদণ্ডগুলোর কোনো একটি পূরণ করে (নিচে আরও ব্যাখ্যা করা হলো):
  — অটিজম
  — বধিরত্ব
  — বধিরত্ব-অন্ধত্ব
  — শ্রবণজনিত সমস্যা
  — অস্থিজনিত সমস্যা
  — অন্যান্য স্বাস্থ্যগত সমস্যা

— মস্তিষ্কে আঘাতজনিত ক্ষত

— দৃষ্টিজনিত সমস্যা

এবং

- তার অনুমোদিত প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রামের প্রয়োজন হয়।

সংস্কৃতি ও ভাষা একটি ছেলেমেয়ের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতা নির্ধারণ করে না। যখন দক্ষতা ও আচরণগুলো মূল্যায়ন করবে, CPSE এসব ব্যবধানগুলো বিবেচনা করবে।

যদি আপনার সন্তানকে যোগ্য বলে স্থির করা হয়, তাহলে IEP-তে প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ তালিকাভুক্ত হবে সে একটি **"প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী"**।

যদি CPSE মূল্যায়নগুলো পর্যালোচনা করে এবং নির্ধারণ করে যে আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য নয়, তাহলে CPSE আপনার সন্তান কেন যোগ্য নয়, সে বিষয়ে তথ্য দেবে এবং কেসটি বন্ধ হয়ে যাবে। আপনি যদি সার্ভিসের জন্য আপনার সন্তানের ব্যাপারে CPSE-এর সিদ্ধান্তে অসম্মত হন, তাহলে এই মতানৈক্যের সমাধানের জন্য ন্যায়সঙ্গত প্রক্রিয়ার অধিকার ব্যবহার করতে পারবেন (28 পৃষ্ঠা দেখুন)।

*অটিজম*
একটি সাধারণত বয়স 3 বছর ধরা পড়ে এমন বিকাশগত প্রতিবন্ধিত্ব, যা ভারবাল (বাচনিক) ও ননভারবাল (অবাচনিক) যোগাযোগ ও সামাজিক মেলামেশায় উল্লেখযোগ্যভাবে ক্ষতিগ্রস্থ করে, যা শিক্ষাগত সাফল্যের উপর বিরূপ প্রভাব রাখে। অটিজমের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বৈশিষ্টের মধ্যে আছে পুনরাবৃত্তিমূলক কর্মকাণ্ডে নিযুক্ত হওয়া ও গতবাধা চলাফেরা করা, পরিবেশগত পরিবর্তন বা দৈনন্দিন কর্মসূচিগত পরিবর্তন মেনে না নেওয়া বা নিতে না পারা এবং সংবেদনশীল অভিজ্ঞতায় অনিয়মিত প্রতিক্রিয়া করা। কোনো শিক্ষার্থীর মানসিক সমস্যা থাকার কারণে প্রাথমিকভাবে শিক্ষাগত সাফল্যে বিরূপভাবে প্রভাবিত করার ক্ষেত্রে এই শব্দটি প্রযুক্ত হবে না।



*বধিরত্ব*
কোনো শিক্ষার্থীর শ্রুতি-বৈকল্য এতোটাই তীব্র যে শিক্ষার্থী আওয়াজ বাড়িয়ে বা না বাড়িয়ে শ্রুতির মাধ্যমে ভাষাগত তথ্য প্রক্রিয়াকরণে অসমর্থ, যা শিক্ষার্থী শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে।

*বধিরত্ব-অন্ধত্ব*
যে শিক্ষার্থীর শ্রুতি ও দৃষ্টি, উভয়টিতে বৈকল্য রয়েছে যা মিলিতভাবে যোগাযোগ ও অন্যান্য বিকাশগত ও শিক্ষাগত প্রয়োজনের ক্ষেত্রে যে মারাত্মক চাহিদার সৃষ্টি করে, সেগুলো এককভাবে বধিরতা বা অন্ধত্ব আছে যাদের, তাদেরকে প্রদত্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম দিয়ে পূরণ করার জন্য পর্যাপ্ত নয়।

*শ্রবণজনিত সমস্যা*
যে শ্রবণজনিত সমস্যা, হতে পারে স্থায়ী বা বাড়ে-কমে, সেটা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে, তবে সেটা এই অংশে বধিরত্বের সংজ্ঞার আওতার অন্তর্ভুক্ত নয়।

*অস্থিজনিত সমস্যা*
একটি মারাত্মক অস্থিজনিত সমস্যা যা কোনো শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে মারাত্মক বিরূপ প্রভাব রাখে। এই শব্দটি জন্মগত ত্রুটি (যেমন পায়ের পাতা বাঁকানো বা কোনো অঙ্গ-প্রত্যঙ্গহীনতা) থেকে সৃষ্ট সমস্যা, রোগ থেকে সৃষ্ট সমস্যাসমূহকে (যেমন পোলিওমাইলেটিস, অস্থিজনিত যক্ষ্মা), এবং অন্যান্য কারণ থেকে (যেমন সেরেব্রাল পেলসি, অঙ্গচ্ছেদ, হাড়ভাঙ্গা, কিংবা অগ্নিদগ্ধ হলে যে চামড়া কুঁচকে যে অঙ্গসংযুক্তি ঘটে) অন্তর্ভুক্ত করে, নেই) সৃষ্ট সমস্যা।

*অন্যান্য স্বাস্থগত সমস্যা*
যে শিক্ষার্থী পরিবেশগত উদ্দীপনার প্রতি অতিমাত্রায় সাবধান, ফলশ্রুতিতে যার প্রাসঙ্গিক শিক্ষাগত পরিবেশে সাবধানতা সীমিত, তেমন শিক্ষার্থীসহ যে শিক্ষার্থীর শক্তিমত্তা, প্রাণশক্তি, কিংবা সাবধানতা সীমিত, যার পরিবেশগত উদ্দীপনায় অতিমাত্রায় সাবধানতাসহ যার সাবধানতা সীমিত, যার কারণ হলো পুরনো ও তীব্র স্বাস্থ্যগত সমস্যা, যেগুলোর মধ্যে আছে হৃৎপিণ্ডের সমস্যা, যক্ষ্মা, রিউম্যাটিক জ্বর, নেফ্রাইটিস, অ্যাজমা, সিকল সেলজনিত রক্তশূন্যতা, হেমোফিলিয়া, এপেলপসি, লেড পয়জনিং, লিউকেমিয়া, ডায়াবেটিস, মনোনিবেশ-স্বল্পতাজনিত সমস্যা বা মনোনিবেশ-স্বল্পতাজনিত অতিক্রিয়াশীলতার সমস্যা, কিংবা টুরেট সিন্ড্রোম (পুনরাবৃত্তিমূলক ক্রিয়া বা শব্দ-উৎপাদন), যা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে।



*মস্তিষ্কে আঘাতজনিত ক্ষত*

যে শিক্ষার্থীর মস্তিষ্কে বাইরের কোনো কিছু থেকে প্রাপ্ত আঘাত কিংবা স্ট্রোক, এনসেফেলাইটিস, অ্যানিউরিজম এবং এনোক্সিয়া বা ব্রেন টিউমারের মতো কোনো শারীরিক কারণ থেকে আঘাতপ্রাপ্ত হয়েছে, যা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে। পরিভাষাটির অন্তর্গত নির্দিষ্ট কিছু চিকিৎসাগত অবস্থা থেকে মাথায় খোলা অথবা বদ্ধ জখম অথবা মস্তিষ্কে জখমের কারণে এক বা একাধিক অঞ্চলে হালকা, মধ্যম বা মারাত্মক বৈকল্য, যার মধ্যে রয়েছে বোধি, ভাষা, স্মৃতি, মনোযোগ, যুক্তিপ্রয়োগ, বিমূর্ত চিন্তন, বিচারবুদ্ধি, সমস্যাসমাধান, সংবেদনজ, প্রত্যক্ষজ বা সঞ্চালন সামর্থ্য, মনস্তাত্ত্বিক আচরণ, শারীরিক ক্রিয়া, তথ্য প্রক্রিয়াকরণ এবং বাচন। এই শব্দটি সেসব আঘাতকে অন্তর্ভুক্ত করে না যা জন্মগত বা জন্মগত আঘাত থেকে সৃষ্ট।

*দৃষ্টিজনিত সমস্যা*

অন্ধত্বসহ দৃষ্টজনিত যে বৈকল্য এমনকি সংশোধনমূলক ব্যবস্থার পরও শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে। শব্দটি আংশিক দেখতে পারা ও অন্ধত্ব, উভয়টি অন্তর্ভুক্ত করে।

## ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP)

আপনার সন্তান যদি যোগ্যতার শর্তসমূহ (পৃষ্ঠা নং 16-এর শুরুতে পাওয়া যাবে) পূরণ করে, তাহলে একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি করার জন্য টিম একটি CPSE সভায় আপনার সাথে কাজ করবে।

কোনো শিক্ষার্থীর সামর্থ্য ও চাহিদা কি, এবং কীভাবে তার চাহিদা পূরণ হবে, IEP তার বিবরণ দেয়। এটি শিক্ষার্থীর চলমান দক্ষতা ও সামর্থ্যের প্রমাণ দেয়, শিক্ষাগত ও বিকাশগত লক্ষ্য স্থির করে, এবং নির্ধারণ করে কোন স্পেশাল এডুকেশন সহায়তা ও সার্ভিস তার জন্য উপযুক্ত হবে, সেটা।

IEP-তে নিম্নলিখিত সেকশনগুলো অন্তর্ভুক্ত করা থাকবে:

- **বর্তমান সাফল্যের স্তর:** আপনার সন্তান বর্তমানে কীভাবে বিকাশলাভ করছে, তার বয়সোপযোগী কর্মকাণ্ডে সাফল্য অর্জনে প্রতিবন্ধিত্ব কেমন প্রভাব রাখছে, এবং (প্রযোজ্য হলে) আপনার সন্তান স্কুলে কতটুকু সফল হচ্ছে, এই তথ্য তার বিবরণ দেয়। তথ্য আসতে পারে মূল্যায়নের অনুসন্ধান ও ফলাফল থেকে, প্রামাণ্য মূল্যাযন থেকে (ক্লাসরুমের কাজের নমুনা, ভিডিও এবং ছবি), আপনার সন্তানকে

পর্যবেক্ষণ, এবং পিতামাতা, তত্ত্বাবধানকারী, শিক্ষক, সার্ভিস প্রদানকারী, ও অন্যান্য স্কুল স্টাফদের দেওয়া তথ্য থেকে।

- **পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যমাত্রা:** CPSE টিম আপনার সন্তানের চাহিদা পূরনের জন্য লক্ষ্যমাত্রা তৈরি করবে যার উদ্দেশ্য আপনার সন্তানের চাহিদা পূরণে এবং সাধারণ পাঠ্যক্রমে অগ্রগতি অর্জনে সহায়তা প্রদান করা। লক্ষ্যগুলো এমনভাবে তৈরি করা হবে যাতে তা আপনার সন্তান একটি শিক্ষা বছরে যা অর্জন করতে পারবে বলে যুক্তিসঙ্গতভাবে প্রত্যাশিত, তার প্রতিফলন করে। এসব লক্ষ্য হতে পারে প্রতিষ্ঠানিক, সামাজিক ও আচরণগত বিষয়ের সাথে সংশ্লিষ্ট, শারীরিক সমস্যার সাথে সংশ্লিষ্ট, বা তা অন্য কোনো শিক্ষাগত সমস্যা-সংশ্লিষ্ট। আপনার সন্তান যেহেতু প্রিস্কুলের শিক্ষার্থী, প্রতিটি বার্ষিক লক্ষ্যে থাকবে স্বল্পমেয়াদী লক্ষ্য বা ধাপসমূহ, এটি ছেলেমেয়েদের জন্য তাৎক্ষণিক পরিমাপযোগ্য পদক্ষেপ, যা তাদের বর্তমান কার্যসম্পাদনার স্তর থেকে তার বার্ষিক লক্ষ্য অর্জনে এগিয়ে নিয়ে যাবে। আপনাকে পিতামাতা ও টিমের একজন সদস্য হিসেবে টিমকে আপনার সন্তানের চাহিদা বুঝার জন্য আপনার সন্তান সম্পর্কে তথ্য দিয়ে সহায়তা করতে হবে এবং সক্রিয়ভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণে অংশগ্রহণ করতে হবে।

- **সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিসসমূহ:** DOE আপনার সন্তানের জন্য যথোপযুক্ত ন্যূন্যতম নিষেধাত্মক পরিবেশে প্রোগ্রাম ও সার্ভিসসমূহ সুপারিশ করবে। আপনার সন্তানকে যে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম, রিলেটেড সার্ভিস, সম্পূরক সহায়তা ও সার্ভিস এবং সহায়ক প্রযুক্তিগত উপকর প্রদান করা হবে, IEP-তে তার তালিকা থাকবে। আপনার সন্তান বিশেষ যাতায়াত সুবিধা ও দীর্ঘায়িত স্কুল বছরের সার্ভিস (জুলাই ও অগাস্ট মাসে) লাভ করবে কি-না, এই অংশে তা উল্লেখ থাকবে। প্রোগ্রাম ও সার্ভিস সম্পর্কে আরও জানতে পৃষ্ঠা 22 দেখুন।.

- **বিশেষ ব্যবস্থা ও পরিবর্তনসমূহ:** বিশেষ ব্যবস্থা ও পরিবর্তন হচ্ছে এমন ধরনের সামঞ্জস্যবিধান যা পরিবেশ, পাঠ্যক্রম, শিক্ষানির্দেশনা বা মূল্যায়নের ক্ষেত্রে প্রয়োগ করা হয়, এগুলো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে সমানভাবে ক্লাসরুমে অংশগ্রহণে সক্ষমতা দেয়। উদাহরণের মধ্যে আছে দৃশ্যমান উপকরণ যুক্ত করা (চার্ট, ছবি, বর্ণসংকেত) বা উত্তরণের জন্য সহায়তা প্রদান করা (শিক্ষানির্দেশনা ও অনুশীলন, দৃশ্যমান ও উচ্চারিত উপকরণ, উপাদানগুলোর শৃঙ্খলাবিধান, সঙ্গীত)।

CPSE আপনার সন্তানের IEP–এর কপি প্রদান করবে। এছাড়াও আপনাকে নোটিস অভ রিকমেন্ডেশন (সুপারিশের চিঠি) প্রদান করবে যাতে আপনার সন্তানের IEP-তে সুপারিশকৃত সার্ভিস ও প্রোগ্রামের কথা লিখিতভাবে দেওয়া থাকবে।

যদি আপনার সন্তান যোগ্যতার মানদণ্ড পূরণ করে (16 নম্বর পৃষ্ঠার শুরু থেকে পাওয়া যাবে), তাহলে টিম আপনার সাথে একটি CPSE মিটিং-এ ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা, IEP) তৈরির জন্য কাজ করবে।



IEP-এর লক্ষ্য হবে ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (LRE) প্রদান করা যা আপনার সন্তানের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ। এর অর্থ হলো আপনার সন্তান তার প্রোগ্রাম ও সার্ভিস সর্বোচ্চ সম্ভব উপযুক্ত অপ্রতিবন্ধী সহপাঠীদের অন্তর্ভুক্ত করে, এমন একটি কাঠামোয় লাভ করবে। আপনার সন্তানের চাহিদা একটি সাধারণ শিক্ষা কাঠামোয় পূরণ হতে পারে কি না, টিম প্রথমেই সেটা বিবেচনা করবে। অন্যান্য কাঠামো, যেমন একটি সমন্বিত কাঠামোয় স্পেশাল ক্লাসে বা স্পেশাল ক্লাসের কথা শুধু তখনি বিবেচনা করা হবে, যখন আপনার সন্তান, সহায়তা ও সার্ভিসের সাহায্য নিয়েও যখন একটি সাধারণ শিক্ষার ক্লাসে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করতে সক্ষম হতে পারবে না, তখন। রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিসেবা) ও সুপারিশকৃত প্যারাপ্রফেশন্যাল সার্ভিসের সহায়তার গুরুত্বের কথাও LRE বিবেচনা করে।

## বার্ষিক ও অনুরোধকৃত CPSE মিটিংসমূহ

আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকালে তার IEP বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করা হবে। এটাকে বলা হয় "বার্ষিক পর্যালোচনা"। বার্ষিক পর্যালোচনার জন্য আপনার CPSE প্রশাসক আপনার সাথে যোগাযোগ করবেন। মিটিংয়ে টিম আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করবে এবং আপনার সন্তানের প্রোগ্রাম ও সার্ভিস অব্যাহত রাখা, সংশোধন করা, বা রদ করা হবে কি না, সেটা নির্ধারণ করবে। যদি CPSE নির্ধারণ করে যে আপনার সন্তান আর স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য নয়, তাহলে তারা আপনার সন্তানকে "ডিক্লাসিফাই" (বিবর্গীকরণ) করবে। অনুগ্রহ করে ডিক্লাসিফিকেশন অংশটি 27 নম্বর পৃষ্ঠায় দেখুন।

বার্ষিক পর্যালোচনার উদ্দেশ্য:

- চলমান স্কুল বছরে কোন্ লক্ষ্যগুলো অর্জিত হয়েছে, সেটা নিশ্চিত হওয়ার জন্য IEP-এর সকল দিকগুলো পর্যালোচনা করা;
- আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা সম্পর্কিত নতুন তথ্য বিবেচনা করা; এবং
- যদি শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সহায়তা অব্যাহত রাখার প্রয়োজন হয়, তাহলে একটি নতুন IEP লিখতে হবে যা LRE-তে অধিকতর অন্তর্ভুক্তিতে প্রস্তুতির কথা বিবেচনা করবে এবং আসন্ন স্কুল বছরে প্রোগ্রামের সকল দিক বর্ণনা করবে।

বার্ষিক পর্যালোচনা ছাড়াও অতিরিক্ত একটি CPSE মিটিংয়ের জন্য আপনি অনুরোধ জানাতে পারেন। এটাকে সাধারণত বলা হয় "অনুরোধকৃত পর্যালোচনা"। আপনি যদি অনুভব করেন যে, আপনার সন্তান উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে এবং কিছু বা সকল স্পেশাল এডুকেশন সার্ভিসের আর প্রয়োজন নেই বা তার সংশোধন প্রয়োজন, তাহলে আপনি বাড়তি CPSE মিটিংয়ের অনুরোধ জানাতে চাইতে পারেন। এছাড়াও আপনি যদি অনুভব করেন যে, চলমান সার্ভিস নিয়ে আপনার সন্তান যথাযথ অগ্রগতি অর্জন করছে না, তাহলে আপনি বাড়তি CPSE মিটিংয়ের অনুরোধ জানাতে চাইতে পারেন। একটি বাড়তি CPSE মিটিংয়ের অনুরোধ জানাতে হলে আপনাকে একটি CPSE-এর কাছে বাড়তি CPSE মিটিং অনুরোধের কারণ ব্যাখ্যা করে একটি চিঠি লিখতে হবে। আপনি যদি CPSE মিটিংয়ের অনুরোধ জানান, তাহলে CPSE-কে নতুন বা বাড়তি কাগজপত্র বা বেসরকারি মূল্যায়ন প্রদান করতে হবে, যা CPSE মিটিংয়ে বিবেচিত হোক বলে আপনি চান।

বার্ষিক বা অনুরোধকৃত পর্যালোচনা CPSE মিটিংয়ে টিমের সাথে অংশগ্রহণের পর CPSE প্রশাসক আপনাকে IEP প্রদান করবেন এবং আপনাকে লিখিতভাবে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যাপারে অবহিত করবেন।

## পুনর্মূল্যায়ন

আপনার সন্তানকে প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী হিসেবে শনাক্ত করার পর, আপনি যে কোনো সময় পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন। এটাকে "পুনর্মূল্যায়ন" বলা হয়। যেহেতু আপনি ও CPSE উভয়ে যদি *লিখিতিভাবে* সম্মত না

LRE অর্থ হলো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে যতটুকু সম্ভব বেশি অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষা দেওয়া।



থাকেন, তাহলে বছরে একের বেশি CPSE মিটিং হয় না, CPSE সেহেতু একটি পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে। পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে হলে আপনাকে আপনি কেনো আপনার সন্তানের জন্য নতুন মূল্যায়ন চাইছেন, সেটা ব্যাখ্যা করে CPSE প্রশাসকের কাছে একটি চিঠি দিতে হবে।

CPSE যথাযথ পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে:

- যদি CPSE আপনার সন্তানের শিক্ষাগত ও দৈনন্দিন আবশ্যিক চাহিদার ব্যাপারে নিশ্চিত হয়, তাহলে পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে; কিংবা
- যখনি CPSE আপনার সন্তানের ডিক্লাসিফাই করার কথা বিবেচনা করবে। ডিক্লাসিফিকেশন সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 27 দেখুন।

পূনর্মূল্যায়নের পূর্বে IEP প্রশাসন আপনার মতামত নিয়ে আপনার সন্তান সম্পর্কিত চলমান উপাত্ত পর্যালোচনা করবে, এবং নতুন মূল্যায়ন সম্পন্ন করবে কি না, তা নির্ধারণ করবে। CPSE প্রশাসক আপনাকে মূল্যায়নের লিখিত নোটিস দিবেন এবং আপনার সন্তানকে মূল্যায়নের জন্য লিখিত সজ্ঞাত সম্মতি দিতে অনুরোধ জানাবেন। আপনি মূল্যায়নের জন্য আপনার সম্মতি দেওয়ার পর আপনাকে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অনুমোদিত প্রোভাইডারদের তালিকা থেকে একটি মূল্যায়নের সাইট বেছে নিতে হবে, যারা CPSE প্রশাসকদের সুপারিশকৃত মূল্যায়ন পরিচালনা করবে।

পুনর্মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর CPSE প্রশাসক পুনর্মূল্যায়নের ফলাফল নিয়ে আলোচনা ও একটি নতুন IEP তৈরির জন্য আপনার সাথে একটি সভার সময়সূচি স্থির করবেন। পুনর্মূল্যায়নের CPSE মিটিংয়ের পর CPSE প্রশাসক আপনাকে IEP প্রদান করবেন এবং আপনাকে লিখিতভাবে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যাপারে অবহিত করবেন। পুনর্মূল্যায়নের অনুরোধ জানানর 60 দিনের মধ্যে CPSE এই সভা আয়োজন করবে এবং IEP-তে যেসব প্রোগ্রাম ও সার্ভিসের কথা বলা আছে, সেগুলোর ব্যবস্থা করবে।

আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকালে তার IEP শিক্ষা বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করা হবে। এটাকে বলা হয় "বার্ষিক পর্যালোচনা"।




## 4. সার্ভিসেস (পরিষেবাসমূহ)

### উপরিচিত্র

ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) আছে, এমন প্রিস্কুল শিক্ষার্থীদের সহায়তার জন্য কিছু শিক্ষা ও রিলেটেড সার্ভিসের ব্যবস্থা রয়েছে। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস স্বল্প নিয়ন্ত্রিত থেকে অধিকতর নিয়ন্ত্রিত পর্যন্ত বিস্তৃত। স্বল্প নিয়ন্ত্রিত কর্মসূচি শিক্ষার্থীদেরকে IEP নেই, এমন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষালাভের সুযোগ দেয়। অধিক নিয়ন্ত্রণযুক্ত কর্মসূচি সেসব শিক্ষার্থীদের জন্য পাওয়া যায় যাদের অধিক বিশেষায়িত সহায়তা ও পরিষেবা প্রয়োজন।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-কে অবশ্যই ন্যূনতম নিয়ন্ত্রিত পরিবেশে (LRE) সার্ভিস দিতে হবে। LRE এর অর্থ হলো এমন একটি কাঠামো, যেখানে IEP-যুক্ত শিক্ষার্থীরা যত বেশি সম্ভব IEP নেই, এমন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষালাভ করবে। LRE সম্পর্কে আরও পড়তে হলে 20 নম্বর পৃষ্ঠার বক্স-এ দেখুন।

| প্রোগ্রাম ও সাভিসসমূহ | বিবরণ |
|---|---|
| রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা) | রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা)-এর অন্তর্ভুক্ত আছে ফিজিক্যাল থেরাপি, অকুপেশন্যাল থেরাপি, স্পিচ/ভাষা থেরাপি, কাউন্সেলিং, স্থান পরিচিতি ও চলাচল সহায়তা পরিষেবা, শ্রুতি ও স্বাস্থ্য পরিষেবা। রিলেটেড সার্ভিসসমূহ প্রাতিষ্ঠানিক লক্ষ্যের ব্যাপারে সহায়তা করে। |
| স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (SEIT) | SEIT হলেন একজন স্পেশাল এডুকেশন শিক্ষক যিনি একজন শিক্ষার্থীর সাথে প্রাতিষ্ঠানিক, আবেগজনিত ও সামাজিক দক্ষতা নিয়ে ঘনিষ্টভাবে কাজ করেন। এই সার্ভিস আপনার সন্তানের নিয়মিত আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে, আপনার নির্দেশিত অন্য কোন চাইল্ডকেয়ার প্রদানকারীর ঠিকানায়, কিংবা কোনও কোনও পরিস্থিতিতে আপনার পারিবারিক বাসস্থানে ক্ষুদ্র দলে অথবা এককভাবে (ওয়ান-অন-ওয়ান) প্রদান করা হতে পারে। |
| একটি সমন্বিত কাঠামোতে স্পেশাল ক্লাস (অর্ধ বা পূর্ণ দিবস) (SCIS) | এটি এমন একটি ক্লাসরুম যেখানে IEP-সহ ও IEP-বিহীন শিক্ষার্থীদের একত্রে শিক্ষাদান করা হয়। SCIS ক্লাসে অন্তর্ভুক্ত থাকেন একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল। সকল স্টাফ সহযোগিতামূলকভাবে পুরো দিনব্যাপী কাজ করেন যাতে IEP আছে যেসব শিক্ষার্থীদের, তাদের শিক্ষানির্দেশনা অভিযোজন ও পরিবর্তন করা যায় এবং নিশ্চিত করা যায় যে পুরো ক্লাস সাধারণ শিক্ষা পাঠক্রমে অংশগ্রহণ করতে পারে। |
| স্পেশাল ক্লাস (অর্ধ বা পূর্ণ দিবস) | এটি একটি ক্লাসরুম যা শুধু IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়, যাদের চাহিদা একটি সাধারণ শিক্ষার কাঠামোয় বা SCIS ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়। একটি স্পেশাল ক্লাসের শিক্ষার্থীদের একই স্তরের অ্যাকাডেমিক ও শিক্ষণ বৈশিষ্ট্য, সামাজিক বিকাশ, শারীরিক বিকাশ এবং/অথবা দৈনন্দিন চাহিদা থাকে। স্পেশাল ক্লাসগুলোর নেতৃত্ব দেন স্পেশাল এডুকেশন শিক্ষক এবং সাধারণত এক বা একাধিক প্যারাপ্রফেশন্যাল থাকেন। স্পেশাল ক্লাসে সাধারণত 6–12 শিক্ষার্থী থাকে। |
| আবাসিক ব্যবস্থা | আবাসিক ব্যবস্থা স্টেট-অনুমোদিত প্রতিদিন কমপক্ষে পাঁচ ঘণ্টা করে সপ্তাহে পাঁচ দিনের পরিষেবার একটি স্পেশাল এডুকেশন প্রোগ্রাম, যা প্রদান করা হয় এমন একটি সাইটে যেখানে ছেলেমেয়েরা প্রতিদিন 24 ঘণ্টাব্যাপী পরিচর্যা পায়। এই প্রোগ্রাম সেসব ছেলেমেয়েদের জন্য যাদের প্রতি 24 ঘণ্টা মনোযোগ দেয়া আবশ্যক। |

## বাড়তি সহায়তা ও সার্ভিসসমূহ

নিচে ব্যাখ্যা করা প্রোগ্রাম ছাড়াও IEP-তে সুপারিশ করা হতে পারে, সেরকম কিছুসংখ্যক অন্যান্য সহায়তা ও সার্ভিস রয়েছে।

প্যারাপ্রফেশন্যাল হলেন IEP আছে এমন শিক্ষার্থীদের জন্য ওয়ান-অন-ওয়ান (একজনের-সাথে-একজন) বা ক্ষুদ্র গ্রুপে সহায়তা প্রদানকারী ব্যক্তি। প্যারাপ্রফেশন্যালগণ কোন শিক্ষার্থীর আচরণগত ও স্বাস্থ্যগত চাহিদাসহ দৈনন্দিন জীবনের চাহিদা পূরণে সহায়তা করেন।

একটি **অ্যাসিসটিভ টেকনলজি (AT) ডিভাইস** হচ্ছে এমন এক ধরনের সরঞ্জাম, জিনিস বা ব্যবস্থা যা একটি ছেলেমেয়ের ক্রিয়াশীলতা সক্ষমতা বাড়াতে, বজায় রাখতে, বা উন্নত করতে ব্যবহার করা হয়, যেমন কমিউনিকেশন বোর্ড, কমিউনিকেশন ডিভাইস, FM ইউনিট, এবং কমপিউটার বা ট্যাবলেট ব্যবহারের সুযোগ। যদি CPSE বুঝতে পারে যে আপনার সন্তানের অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস প্রয়োজন, তাহলে সেটা তার IEP-তে তালিকাভুক্ত থাকবে। অ্যাসিস্টিভ টেকনলজি সম্পর্কে আরও জানতে ওয়েবসাইট দেখুন https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/assistive-technology

ইংরেজিভিন্ন অন্য ভাষায় কথা বলে, এমন কিছু কিছু ছেলেমেয়েদের জন্য **বাইলিঙ্গুয়াল সার্ভিসসমূহ** পাওয়া যাবে। যদি কোন ছেলেমেয়ের জন্য স্পেশাল ক্লাস সুপারিশ করা হয়, তাহলে IEP-তে ছেলেমেয়ের বাইলিঙ্গুয়াল ক্লাস আবশ্যক বলে বর্ণিত হতে পারে। কিংবা, যদি কোন ছেলেমেয়ের জন্য স্পিচ থেরাপি সুপারিশ করা হয়, তাহলে IEP-তে বাইলিঙ্গুয়াল পরিষেবা প্রদানকারীর কাছ থেকে ছেলেমেয়ের স্পিচ থেরাপি গ্রহণ আবশ্যক বলে বর্ণিত হতে পারে।

যদি আপনার সন্তানের IEP একটি স্পেশাল ক্লাস বা একটি সমন্বিত কাঠামোয় একটি স্পেশাল ক্লাস সুপারিশ করে, তাহলে তার জন্য **ট্রান্সপোর্টেশন** (যাতায়াত) সুবিধার ব্যবস্থা থাকতে পারে। তাহলে আপনার সন্তানের CPSE ও স্কুল ট্রান্সপোর্টেশনের ব্যবস্থা করবে।

আপনার সন্তানের IEP যদি SEIT এবং/অথবা রিলেটেড সার্ভিস সুপারিশ করে, এবং সেসব সার্ভিস আপনার সন্তানের প্রিস্কুল, চাইল্ডকেয়ার প্রোগ্রাম, বা বাড়িতে প্রদান করা হয়, তাহলে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) ট্রান্সপোর্টেশনের ব্যবস্থা করবে না। ট্রান্সপোর্টেশন ব্যয় ফেরত পাওয়া সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/related-services ওয়েবপেজ দেখুন এবং স্ক্রল করে পেজ-এর নিচে দেখুন।

প্রিস্কুলের যেসব ছেলেমেয়েদের আচরণ তাদের শিক্ষায় প্রতিবন্ধক, তাদের সহায়তার জন্য **আচরণগত সহায়তা** পাওয়া যায়। উদাহরণস্বরূপ, আপনার সন্তান হয়তো এমন আচরণ করছে যার জন্য তার নিজের কিংবা অন্যদের বিপদের ঝুঁকি আছে। এসব আচরণ হয়তো তাদের প্রতিবন্ধিতার কারণে কিংবা বিলম্বিত সামাজিক ও মানসিক বিকাশের কারণে হয়। ছেলেমেয়েরা তাদের IEP নির্দেশিত আচরণগত সহায়তা লাভ করতে পারে যা তাদেরকে একটি ক্লাসরুম কাঠামোয় নিরাপদে ও ফলপ্রসূভাবে অংশগ্রহণের সুযোগ দেবে।

যখন কোন ছেলেমেয়ের আচরণ তার শিক্ষায় ব্যাঘাত ঘটায়, তখন কেন সে এমন আচরণে নিযুক্ত হয় এবং সে আচরণটি কীভাবে তার পরিবেশের সাথে সম্পর্কযুক্ত হয়, সেটা সনাক্ত করার জন্য মূল্যায়নকারী এজেন্সিকে একটি ফাংশন্যাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট (ক্রিয়ামূলক আচরণগত মূল্যায়ন, FBA) পরিচালনা করতে হয়। আপনার সন্তানের আচরণ সম্পর্কে যদি আপনার কোন উদ্বেগ থাকে, তাহলে আপনাকে সেটা CPSE-এর কাছে দেওয়া রেফারাল লেটারে (৪ (আট) নম্বর পৃষ্ঠায়) উল্লেখ করতে হবে এবং আপনি যখন মূল্যায়নকারী এজেন্সির সাথে সাক্ষাত করবেন, তখন এজেন্সিকে একটি FBA পরিচালনার জন্য আপনাকে বলতে হবে। CPSE সভায় FBA-কে একটি বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা, BIP) তৈরিতে ব্যবহার করতে পারবে। ছেলেমেয়ের সমস্যা সৃষ্টিকারী আচরণকে অধিকতর উপযুক্ত আচরণে পরিবর্তন করতে সহায়তার জন্য যেসব কৌশল ব্যবহার করা হবে, BIP তার ব্যাখ্যা করে।

BIP ছাড়াও উপরে আলোচিত বহু প্রোগ্রাম ও সার্ভিস আচরণগত সমস্যায় সহায়তা করতে পারে।

**দীর্ঘায়িত স্কুল বছর সার্ভিস** সুপারিশ করা হয় কিছু কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে যাদের জুলাই এবং অগাস্টে সার্ভিসের প্রয়োজন হয় যাতে তাদের বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য পশ্চাদপসরণ রোধ করা যায়। যদি স্কুল বছরের শুরুতে কোন ছেলেমেয়ের IEP-এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ পুনঃপ্রতিষ্ঠা করতে অযৌক্তিক পরিমাণ সময় প্রয়োজন হয় যা সে পূর্ববর্তী স্কুল বছরের শেষে আয়ত্ত করেছিল, তাহলে সে ছেলেমেয়ে "উল্লেখযোগ্য পশ্চাদপসরণ" মোকাবেলা করবে। আপনার সন্তান দীর্ঘায়িত স্কুল বছরের সার্ভিস লাভ না করে, তাহলে তার উল্লেখযোগ্য পশ্চাদপসরণের আশঙ্কা আছে, এমন নিশ্চিত হলেই শুধু CPSE আপনার সন্তানের IEP-তে এসব সার্ভিসপ্রাপ্তি নিশ্চিত করে। এমন হলে CPSE একটি বিবৃতি অন্তর্ভুক্ত করবে যা এ সুপারিশের ব্যাখ্যা দিবে। ছেলেমেয়েদের সম্প্রসারিত বছর সার্ভিস লাভের জন্য অবশ্যই পিতামাতার সম্মতি লাগবে।

## সার্ভিসের ব্যবস্থা করা

IEP তৈরির পর CPSE পিতামাতা হিসেবে আপনাকে সার্ভিস শুরুর জন্য লিখিত অনুমতি প্রদানের অনুরোধ জানাবে। এটাকে বলে সার্ভিসের জন্য "সজ্ঞাত সম্মতি"। যদি পিতামাতা হিসেবে আপনি অনুমদু প্রদানের অনুরোধে সাড়া না দেন কিংবা আপনি যদি সম্মতি দিতে অস্বীকৃইত জানান, তাহলে CPSE কোন সার্ভিসের আয়োজন করবে না এবং বাড়তি কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না। আপনি যদি একজন ফস্টার (পালক) পিতামাতা হন, তাহলে বাড়তি নির্দেশনার জন্য পৃষ্ঠা 26 দেখুন।

IEP নির্দেশিত সকল প্রোগ্রাম ও সার্ভিসের জন্য DOE দায়বদ্ধ থাকবে। সার্ভিস শুরু হতে হবে:

- বয়সোপযোগী প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্যতা অর্জনের প্রথম দিন থেকে; কিংবা
- পিতামাতার "প্রারম্ভিক মূল্যায়নের সম্মতি" ফরম-এ সই করার দিন থেকে অনধিক 60 স্কুল দিবস কিংবা প্রারম্ভিক CPSE মিটিংয়ের 30 স্কুল দিবস, এগুলোর মধ্যে যেটি আগে হবে, সে তারিখটির মধ্যে।

প্রত্যাশিত সার্ভিস শুরুর দিনটি IEP-তে তালিকাভুক্ত থাকবে।

প্রোগ্রাম এবং সার্ভিস সম্পর্কে আপনার কোন উদ্বেগ বা প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার CPSE প্রশাসকের সাথে যোগাযোগ করুন।



# প্রোগ্রাম ও সার্ভিসের স্থান

প্রোগ্রাম ও সার্ভিস প্রদানের স্থান ছেলেমেয়ের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন্যাল প্রোগ্রামের (IEP) সুপারিশ ও বয়স অনুযায়ী হবে। আপনার সন্তানের IEP সুপারিশ জানার জন্য তার IEP-এর "রিকমেন্ডেড স্পেশাল এডুকেশন প্রোগ্রামস্ অ্যান্ড সার্ভিসেস" অংশ দেখুন। বহু ছেলেমেয়ের জন্য স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহ প্রদান করা হতে পারে একটি অন্তর্ভুক্তিমূলক নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর 3-K বা প্রি-K ফর অল প্রোগ্রামে।

### যেসব ছেলেমেয়ের IEP আছে যাতে স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (ভ্রাম্যমান বিশেষ শিক্ষার শিক্ষক, SEIT) এবং/অথবা রিলেটেড সার্ভিস সুপারিশ করা হয়েছে

- আপনার সন্তানের বয়স যদি 3 বছর হয়, তাহলে সে একটি ফ্রি 3-K ফর অল জেনারেল এডুকেশন প্রোগ্রামে নার্ভিস পেতে পারে এবং আপনার উচিত https://www.schools.nyc.gov/enrollment/enroll-grade-by-grade/3k ওয়েবসাইটে দেওয়া আবেদন প্রক্রিয়ায় ভর্তির আবেদন করা

- আপনার সন্তানের বয়স যদি 4 বছর হয়, তাহলে সে একটি ফ্রি প্রি-K ফর অল জেনারেল এডুকেশন প্রোগ্রামে নার্ভিস পেতে পারে এবং আপনার উচিত https://www.schools.nyc.gov/enrollment/enroll-grade-by-grade/pre-k ওয়েবসাইটে দেওয়া আবেদন প্রক্রিয়ায় ভর্তির আবেদন করা

- আপনার সন্তান যদি 3 বা 4 বছর বয়সী হয়, তাহলে আপনার সন্তানের চাহিদার উপর ভিত্তি করে সে কোনো DOE বহির্ভূত আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে, আপনার পারিবারিক বাসাবাড়িতে, কিংবা পিতামাতা হিসেবে আপনার বেছে নেওয়া অন্য কোনো শিশুসেবার স্থানে আপনার সন্তানের চাহিদা ও পরিবারের প্রাধান্য অনুযায়ী সার্ভিস পেতে পারে।

- কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) একটি যথোপযুক্ত প্রিস্কুল জেনারেল এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য আসনের ব্যবস্থা করে না। আপনি যদি কোনো DOE 3-K এবং প্রি-K প্রোগ্রামে আবেদন করতে আগ্রহী হন, তাহলে 3 নম্বর পৃষ্ঠা দেখুন।

### যেসব ছেলেমেয়ের IEP আছে যাতে একটি স্পেশাল ক্লাস অথবা স্পেশাল ক্লাস ইন অ্যান ইনটিগ্রেটেড সেটিং (সমন্বিত কাঠামোতে বিশেষ ক্লাস, SCIS) সুপারিশ করা হয়েছে

- CPSE একটি যথোপযুক্ত প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য আসনের ব্যবস্থা করবে। CSE/CPSE-এর সাথে যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা নং 37 দেখুন।

- এসব ক্লাস প্রি-K সেন্টারসহ DOE 3-K এবং প্রি-K প্রোগ্রামে এবং ডিস্ট্রিক্ট স্কুলগুলোতে, সাথে সাথে কমিউনিটি-বেজড্ স্পেশাল এডুকেশন প্রোগ্রামে পাওয়া যায়। আপনার সন্তানের IEP-তে সুপারিশকৃত প্রোগ্রাম ও সার্ভিস আপনার CPSE প্রশাসকের ব্যবস্থা করা স্থানে দেওয়া হবে।

- আপনার সন্তানের IEP যদি একটি স্পেশাল ক্লাস বা SCIS এর সুপারিশ করে, তবুও আপনাকে 3-K বা প্রি-K ফর অল-এ আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। আপনি আবেদন করেন, আসন লাভ করেন, এবং একটি 3-K বা প্রি-K প্রোগ্রামে অংশগ্রহণ করতে সিদ্ধান্ত নেন, তাহলে আপনার বেছে নেওয়া প্রোগ্রামে আপনার সন্তানের জন্য IEP-তে সুপারিশকৃত সার্ভিসসমূহ সুপারিশ করতে CPSE আপনার সাথে কাজ করবে। যে কোনো পর্যায়ে আপনি অথবা প্রোগ্রামের স্টাফ CPSE-এর সাথে সাক্ষাত করার জন্য অনুরোধ করতে পারবেন যাতে আপনার সন্তানের যদি অধিক সহায়তার প্রয়োজন হয়, সে প্রোগ্রামে তার ব্যবস্থা করা নিয়ে কথা বলা যায়।

### সীমিত চলাচলক্ষম ও অভিগম্যতার চাহিদা

স্কুলে প্রবেশযোগ্যতার প্রশ্নে, সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম- যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি ব্যবহার করে- পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোন শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্ট সহ্য করে মানিয়ে চলে এবং/অথবা তার সতীর্থদের চাইতে ধীর গতিতে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোন কারণে।

যদি আপনার সন্তানের জন্য SEIT এবং/অথবা রিলেটিড সার্ভিস সুপারিশ করা হয়, তাহলে পিতামাতা হিসেবে সাইটের প্রবেশযোগ্যতা সম্পর্কে জানতে হলে আপনাকে প্রোগ্রামের সাথে সরাসরি যোগাযোগ কররে হবে।

যদি আপনার সন্তানকে স্পেশাল ক্লাস বা সমন্বিত ব্যবস্থায় স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়, তাহলে CPSE ভর্তিকালেই যথোপযুক্ত প্রবেশযোগ্যতার বিষয়টি নিশ্চিত করবে।

# পিতামাতার অধিকার

**ফস্টার কেয়ার**

যদি না তাদের অধিকারসমূহ বাতিল, প্রত্যপর্ণকৃত, বা সীমিত হয়, তাহলে কোন ছেলেমেয়ের জনমদাতা বা পালক পিতামাতার একক কর্তৃত্ব আছে তাদের সন্তানের স্পেশাল এডুকেশনর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের। যখন কোন ছেলেমেয়ে ফস্টার কেয়ারে থাকে এবং তার জনমদাতা পিতামাতাকে যুক্তিসঙ্গত খুঁজাখুঁজির পরও পাওয়া না যায়, তখন কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) প্রশাসক নির্ধারণ করবে কাকে তার "পিতামাতা" বলে গণ্য কার হবে। যখন জন্মদাতা পিতামাতার অধিকারসমূহ বাতিল, প্রত্যপর্ণকৃত, একজন বিচারক কর্তৃক কোন ছেলেমেয়ের শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সীমিত করে দেওয়া হয়, কিংবা পিতামাতাগণ যদি মৃত হন, তখন ফস্টার কেয়ারে থাকা ছেলেমেয়ের ফস্টার প্যারেন্ট পিতামাতার ভূমিকায় অবতীর্ণ হতে পারবেন। এসব পরিস্থিতিতে কোন ছেলেমেয়ের যখন কোন ফস্টার প্যারেন্ট থাকেন, তখন ফস্টার প্যারেন্টকে শিক্ষার্থীর সারোগেট প্যারেন্ট হিসেবে দায়িত্ব অর্পণ করতে হবে না কারণ তিনি ইতোমধ্যেই স্পেশাল এডুকেশন সংক্রান্ত বিষয়ে ব্যবহার্য সংজ্ঞায় "পিতামাতা" হিসেবে শর্ত পূরণ করেছেন।

আপনি যদি ফস্টার প্যারেন্ট হন এবং আপনার শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার আছে কি না জানতে চান, তাহলে ছেলেমেয়েটির আইনগত অবস্থান ও পিতামাতার অধিকারের বিষয়ে আরও তথ্যের জন্য সন্তানের ফস্টার কেয়ার এজেন্সির কেস ওয়ার্কারের সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনি এডমিনিস্ট্রেশন ফর চিল্ড্রেন্স সার্ভিসেস (ACS) অভিস অভ এডুকেশন অ্যান্ড এমপ্লয়মেন্ট ইনিশিয়েটিভকে ফোনে 212-453-9918 নম্বরে বা ইমেইলে education.unit@acs.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে পারেন।





## অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীগণ

যেসব শিক্ষার্থী হোমলেস শেল্টারে বা অন্য কোন অস্থায়ী আবাসনে বাস করে, স্থায়ী বাসস্থানে বসবাসরত শিক্ষার্থীদের মতো তাদের একই পাবলিক স্কুলে ভর্তি হওয়ার ও সার্ভিস লাভের অধিকারসহ নির্দিষ্ট কিছু অধিকার রয়েছে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর স্টুডেন্ট ইন টেম্পোরারি হাউজিং (অস্থায়ী আবাসনের শিক্ষার্থী) ইউনিটকে প্রশ্নোত্তর এবং অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের অধিকারের ব্যাপারে সহায়তাদানের জন্য পাওয়া যাবে। ফোনে 718-391-6845 নম্বরে ইমেইলে MPonzio@schools.nyc.gov ঠিকানায় মেরিগ্রেস পনজো (Marygrace Ponzio )-এর সাথে যোগাযোগ করুন।

বছরের কোনো সময় যদি আপনার বাড়ির ঠিকানা বদলায়, অনুগ্রহ করে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনকে জানাবেন (CPSE)। CSE/CPSE-এর সাথে যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা নং 37 দেখুন।

## প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সমাপ্তি

*সম্মতি প্রত্যাহার*

আপনি আপনার সন্তানের জন্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস থেকে সম্মতি যে কোনো সময় প্রত্যাহার করতে পারবেন। এটা "রিভোকেশন অভ কনসেন্ট" (সম্মতি প্রত্যাহার) বলেও পরিচিত। অনুরোধ অবশ্যই লিখিতভাবে এবং কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) বরাবর জানাতে হবে। আপনি যখন সম্মতি প্রত্যাহার করবেন, তখন:

- CPSE-কে অবশ্যই এই মর্মে একটি বিজ্ঞপ্তি দিতে হবে যে, আপনার প্রাধান্য দেওয়া ভাষায় প্রদত্ত সকল স্পেশাল এডুকেশন সার্ভিস আপনার কাছে বিজ্ঞপ্তিটি পাঠানর 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে বন্ধ হয়ে যাবে।
- আপনার সন্তান আর বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করবে না। এর অন্তর্ভুক্ত আছে স্পেশালাইজড যাতায়াত সুবিধা, সহায়ক প্রযুক্তি, এবং প্রোগ্রাম অভিযোজন।

সম্মতি প্রত্যাহারের পর আপনার অধিকার আছে সিদ্ধান্ত পরিবর্তনের। আপনি যদি চান যে আপনার সন্তানকে প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য পুনর্মূল্যায়ন করা হোক, তাহলে আপনাকে অবশ্যই CPSE বরাবর একটি নতুন রেফারাল লেটার দিতে হবে।

*ডিক্লাসিফিকেশন*

এছাড়াও CPSE নির্ধারণ করতে পারে যে, আপনার সন্তাননের আদৌ স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন নেই। যদি তা-ই হয়, তাহলে CPSE সন্তানকে "ডিক্লাসিফাই" (বিবর্গীকরণ) করে দেবে। এটা করার পূর্বে CPSE একটি পূনর্মূল্যায়ন করবে ও সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস অব্যাহত রাখার যোগ্যতা নির্ণয়ের জন্য CPSE মিটিং আহ্বান করবে। একটি ছেলেমেয়েকে ডিক্লাসিফাই করার সিদ্ধান্ত গৃহীত হবে তার প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্যতা প্রতিপাদনকারী বিষয়ে বিলম্ব বা বৈকল্য প্রদর্শন না করার ভিত্তিতে। আপনি যদি আপনার সন্তানের সার্ভিস প্রত্যাহারের সিদ্ধান্তে অসম্মত হন, তাহলে আপনি আপনার ন্যায়বিচার লাভের অধিকার প্রয়োগ করতে পারবেন। আপনার ন্যায়বিচার লাভের অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 29 দেখুন।

## রেকর্ড

**শিক্ষার্থীর রেকর্ড দেখা:** কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)–এর সভায় যেসব মূল্যায়ণ বা রিপোর্ট বিবেচনা করা হবে, মূল্যায়ণকারী সাইটকে সভার পূর্বে সেগুলো অবশ্যই আপনাকে সরবরাহ করতে হবে। উপরন্তু, আপনার অধিকার আছে আপনার সন্তানের ফাইলে লিখিত ও সংরক্ষিত সকল

মূল্যায়ন ও রিপোর্টের কপি পাওয়ার অনুরোধ জানাবার। এটা করা যেতে পারে CPSE-এর কাছে অনুরোধ জানিয়ে।

CPSE-এর সভার পর আপনার CPSE প্রশাসক আপনার সন্তানের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এর কপি প্রদান করবেন। আপনি কপির জন্য যে কোন সময় অনুরোধ করতে পারেন।

সন্তানের রেকর্ডে সংরক্ষিত বিষয়ে, যেমন মূল্যায়ণের অন্তর্ভুক্ত কোন বিষয়, রিপোর্ট বা IEP সম্পর্কে, পিতামাতা অসম্মত হতে পারেন। যদি তা হয়, তাহলে আপনি যে বিষয়ে অসম্মত, তা

**ন্যায়বিচার পাওয়ার অধিকার**

আপনার সন্তানের ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP) প্রণয়ন, পর্যালোচনা ও সংশোধনে আপনার অংশগ্রহণ অপরিহার্য। সন্তানের IEP-তে কী আছে, সেটা আপনি ভালোভাবে বোঝেন, পিতামাতা হিসেবে আপনার সেটা নিশ্চিত করার অধিকার ও দায়িত্ব আপনার। আপনি যদি কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) সভার সুপারিশের সাথে একমত না হন, তাহলে আপনার অধিকার আছে আপনার সন্তানের যোগ্যতা, মূল্যায়ন, সার্ভিস এবং ভর্তির সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার।

নিম্নলিখিত অধিকারগুলো আপনার আছে?

- **সম্পূর্ণরূপে সজ্ঞাত হওয়ার অধিকার:** শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে আপনাকে আপনার অধিকারের ব্যাপারে আপনার পছন্দের ভাষায় অথবা যোগাযোগের মাধ্যমে পর্যাপ্তভাবে অবহিত করতে হবে। এই ফ্যামেলি গাইডে কিছু দৃষ্টান্ত রয়েছে, যেসব ক্ষেত্রে আপনাকে সম্মতি দিতে বলা হয়। সম্মতি প্রদান করার অর্থ, আপনি যেসব পদক্ষেপের জন্য সম্মতি দিচ্ছেন, সেগুলো আপনাকে আপনার প্রাধান্য দেওয়া ভাষায় সম্পূর্ণরূপে অবহিত করা হয়েছে এই মর্মে যে, আপনি তা বুঝেছেন এবং পদক্ষেপগুলো আপনি বুঝেছেন ও সেগুলোর ব্যাপারে সম্মত আছেন, এবং কোন রেকর্ড প্রকাশ করা হবে কি না বা কার কাছে করা হবে, সেটাও অবহিতকরণের অন্তর্ভুক্ত থাকবে। এ অধিকারের অর্থ আপনি জানেন যে সম্মতিটি আপনার জন্য স্বেচ্ছামূলক এবং আপনি যে কোন সময় সম্মতি প্রত্যাহার করতে পারেন। অনুগ্রহ করে জেনে রাখবেন যে, আপনি সম্মতি প্রত্যাহার করলেও তাতে আপনি সম্মতি প্রদানের পর ও সম্মতি প্রত্যাহারের অন্তর্বর্তীকালে গৃহীত কোন পদক্ষেপ বাতিল হয়ে যাবে না।

- **অংশগ্রহণের অধিকার:** আপনার অধিকার আছে CPSE মিটিংয়ে অংশগ্রহণ করার। এর অন্তর্ভুক্ত আছে অন্য কোন ব্যক্তিকে, যে ব্যক্তি আপনার সন্তান সম্পর্কে জানেন কিংবা যার এ ধরনের সভা সম্পর্কে পেশাদারসুলভ জ্ঞান রয়েছে, তাকে সভায় হাজির করার অধিকার। আপনার সন্তানের জন্য সুপারিশকৃত সার্ভিস নিয়ে আলোচনা সভার সময়সূচি অবশ্যই আপনার সাথে আলোচনাক্রমে নির্ধারণ করতে হবে। আপনার একজন দোভাষীর প্রয়োজন হলে 72 ঘণ্টা আগে CPSE-কে জানালে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) একজনের ব্যবস্থা করবে।

- **চ্যালেঞ্জ করার অধিকার:** আপনার সন্তানের ব্যাপারে CPSE-এর সিদ্ধান্তকে আপনার চ্যালেঞ্জ করার অধিকার আছে। আপনার সন্তানের শিক্ষাকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা অথবা মতপার্থক্য নিষ্পত্তি করার জন্য আপনি মধ্যস্থতা অথবা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করতে পারেন। মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানিতে আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে (DOE) একজনের ব্যবস্থা করবে। চ্যালেঞ্জ করার অধিকার সম্পর্কে আর তথ্যের জন্য বিচার প্রক্রিয়ার অধিকার সম্পর্কিত পৃষ্ঠাগুলো দেখুন যা শুরু হয়েছে 29 পৃষ্ঠা থেকে।

- **CPSE মিটিংয়ে একজন অতিরিক্ত পিতামাতা সদস্য থাকার অধিকার (কোন কোন পরিস্থিতিতে):** আপনার অধিকার আছে CPSE বৈঠক অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত সময়ের 72 ঘণ্টা আগে অনুরোধ করে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদের একজনকে CPSE বৈঠকে অংশগ্রহণ করতে দেয়ার অনুরোধ জানানর। অতিরিক্ত পিতামাতা সদস্যের সংজ্ঞা জানতে পৃষ্ঠা নং 25 দেখুন।

নিয়ে কথা বলার জন্য CPSE-এর সাথে সাক্ষাৎ করতে পারেন। রেকর্ডের অংশবিশেষ অযথার্থ, ভ্রমাত্মক বা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার লঙ্ঘন হলে CPSE তা সংশোধন করার সিধান্ত গ্রহণ করতে পারে। আপনার সন্তানের রেকর্ড পরিবর্তন করা হলে আপনাকে জানান হবে। আপনি যেসব বিষয়ে প্রশ্ন ও উদ্বেগ প্রদর্শন করেন, আপনার সন্তুষ্টির জন্য সেগুলো অপসারণে যদি CPSE একমত না হয়, তাহলে আপনি CSE চেয়ারপারসনের কাছে নিম্নলিখিত বিষয়ের বর্ণনা দিয়ে চিঠি লিখতে পারেন:

- যেসব বিষয় আপনি অযথার্থ, ভ্রমাত্মক বা আপনার সন্তানের গোপনীয়তার অধিকার লঙ্ঘন বলে বিশ্বাস করেন, সেগুলো সম্পর্কে তথ্য;
- যেসব রেকর্ডে এসব তথ্য অন্তর্ভুক্ত আছে বলে আপনি বিশ্বাস করেন, সে সব রেকর্ড;
- আপনি কেন তথ্য অযথার্থ, ভ্রমাত্মক বা আপনার সন্তানের গোপনীয়তার অধিকার লঙ্ঘন বলে বিশ্বাস করেন, তার কারণ; এবং
- আপনার প্রস্তাবিত রেকর্ড সংশোধনীসমূহ।

CPSE এ চিঠিকে আপনার সন্তানের ফাইলে সংরক্ষণ করবে এবং রেকর্ড থেকে সংশ্লিষ্ট অন্তর্ভুক্তি সংশোধনের বা মুছে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। আপনি চ্যান্সেলরের প্রবিধান A-820, "কনফিডেনশিয়ালিটি অ্যান্ড রিলিজ অভ স্টুডেন্ট রেকর্ডস্; রেকর্ডস্ রিটেনশন"-এর অধীনে সুপারিনটেনডেন্ট-এর কাছে একটি আপিল করতে পারেন।

## ন্যায়বিচার পাওয়ার অধিকার

আপনি যদি CPSE-এর পদক্ষেপের বা এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণে অস্বীকৃতির সাথে অসম্মত হন, তাহলে আপনি DOE-এর পদক্ষেপ বা অস্বীকৃতিকে চ্যালেঞ্জ করতে পারবেন:

**মধ্যস্থতা:** মধ্যস্থতাকালে আপনি এবং CPSE-এর একজন সদস্য নিরপেক্ষ তৃতীয় কোন পক্ষের সাথে বসবেন যিনি একমত হওয়ার জন্য আপনাকে সহায়তা ও উৎসাহ দেবেন। মধ্যস্থতাকারী কোন সিদ্ধান্ত দেবেন না বা নির্দেশ জারি করবেন না। এর স্থলে মধ্যস্থতাকারীর কাজ হলো আপনাকে ও DOE-কে একটি গ্রহণযোগ্য সমাধানে নিয়ে আসা। আপনার স্থানীয় মিডিয়েশন সেন্টারে লিখিত দিয়ে আপনি মধ্যস্থতার অনুরোধ জানাতে পারেন।

মধ্যস্থতা সম্পর্কে আর ও তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইট দেখুন: https://www.schools.nyc.gov/special-education/help/resolving-issues.






**নিরপেক্ষ শুনানি:** পিতামাতা হিসেবে একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। এটি একটি আইনগত প্রক্রিয়া। নিরপেক্ষ শুনানির সময়, আপনি একজন 'ইমপারশিয়াল হিয়ারিং অফিসার' (নিরপেক্ষ শুনানি কর্মকর্তা)-এর (DOE কর্মচারী নন) মুখোমুখী হবেন এবং আপনার পক্ষের বিবৃতি তুলে ধরবেন। হিয়ারিং অফিসার ও DOE প্রতিনিধি আপনার কথা শুনবেন, সাক্ষীদের জবানবন্দী ও প্রামাণ্য দলিল গ্রহণ করবেন এবং আপনার উত্থাপিত অভিযোগ কীভাবে সমাধান করা হবে, সে ব্যাপারে লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন। নিরপেক্ষ শুনানির অনুরোধ করার পর "পেনডেন্সি" (অনিশ্চিত অবস্থা বা কোন কোন সময় বলা হয় "স্টে-পুট" স্থিতাবস্থা) প্রযুক্ত হবে। এর অর্থ, ন্যায় বিচার লাভের প্রক্রিয়া চলাকালে বিষয়টির নিষ্পত্তি না হওয়া কিংবা আপনার ও DOE-এর মধ্যে ঐকমত্য না হওয়া পর্যন্ত আপনার সন্তান যেখানে অবস্থান করছে, সেখানেই সে অবস্থান করবে। নিরপেক্ষ শুনানির লিখিত অনুরোধ ইমপারশিয়াল হিয়ারিং অফিসে নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Impartial Hearing Office
131 Livingston Street
Room 201
Brooklyn, New York 11201
**ফোন:** (718) 935-3280
**ইমেইল:** ihoquest@schools.nyc.gov

আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধ অবশ্যই:

- ইমপারশিয়াল হিয়ারিং অফিসে লিখিত হতে হবে;
- আপনার সন্তানের নাম, ঠিকানা, এবং স্টুডেন্ট ID নম্বর (এ সময় আপনার সন্তানের যদি থাকে) উল্লেখ থাকতে হবে;
- আপনার সন্তান যে স্কুলে পড়ে, তার নাম উল্লেখ থাকতে হবে (কিংবা উল্লেখ করতে হবে যে, আপনার সন্তান এখন ও কোন স্কুলে যাচ্ছে না);
- আপনার উদ্বেগের সাথে সংশ্লিষ্ট বিষয় এবং আপনার প্রস্তাবিত সমাধানের বর্ণনা দিতে হবে; এবং
- আপনার নাম (পিতামাতার) ও যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

আপনি ব্যবহার করতে পারেন, এমন একটি সুপারিশকৃত ফরম পাবেন CPSE, ইমপার্শিয়াল হিয়ারিং অফিস, কিংবা অনলাইনে এই ওয়েবসাইটে https://www.schools.nyc.gov/special-education/help/impartial-hearings।

**নিরপেক্ষ শুনানির জন্য আবেদন পেশ করার পর সমাধান প্রক্রিয়া:** আপনি একটি নিরপেক্ষ শুনানির আবেদনের 15 দিনের মধ্যে DOE একটি রিজোল্যুশন (সমাধান) মিটিংয়ে আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধে বর্ণিত সমস্যাটি সমাধানের জন্য আপনার সাথে কাজ করবে। রিজোল্যুশন মিটিং হবে না, এমন তিনটি পরিস্থিতি আছে:

1 যদি আপনি এবং DOE লিখিতভাবে রিজোল্যুশন মিটিং ছাড় দিতে একমত হন, তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসকে অবশ্যই জানাতে হবে এবং 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি নিরপেক্ষ শুনানির আয়োজন করা হবে।

2 আপনি যদি একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ প্রত্যাহার করেন, তাহলে রিজোল্যুশন মিটিং আয়োজনের প্রয়োজন হবে না।


3 যদি একটি রিজোল্যুশন মিটিং আয়োজনের জন্য DOE-এর সপ্রমাণ উদ্যোগ থাকে এবং আপনি অংশগ্রহণ না করে থাকেন বা আপনি লিখিতি দিয়ে রিজোল্যুশন মিটিং ছাড় না দিয়ে থাকেন, তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসারকে অবশ্যই জানাতে হবে এবং DOE-এর অধিকার থাকবে আপনার অনুরোধ বাতিল করতে বলার।

একটি নিরপেক্ষ শুনানির আবেদন পাওয়ার পর শুনানি অফিস আপনাকে নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার বিবরণ প্রদান করবে। শুনানি আয়োজনের জন্য আপনার ও DOE-এর সাথে যোগাযোগ করা হবে এবং আপনাকে লিখিতভাবে সূচিভুক্ত তারিখ, সময়, এবং শুনানির স্থান জানান হবে।

শুনানি চলাকালে আপনি ও DOE স্টাফ আপনাদের অবস্থান ব্যাখ্যা করবেন এবং আপনাদের মতামতের পক্ষে প্রমাণ উপস্থাপন করবেন। শুনানি সমাপ্তির পর হিয়ারিং অফিসার একটি সিদ্ধান্ত লিখবেন, যার একটি কপি ডাকযোগে আপনার কাছে পাঠন হবে। হিয়ারিং অফিসারের সিদ্ধান্তের পুরোটাই হবে শুনানিতে উপস্থাপিত প্রমাণের উপর নির্ভর করে। এতে সিদ্ধান্তের কারণ ও ভিত্তি অন্তর্ভুক্ত থাকতে হবে। নিউ ইয়র্ক স্টেটের রিভিউ অফিসারের কাছে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের অধিকার সম্পর্কে সিদ্ধান্তটি আপনাকে ও DOE-কে অবহিত করবে। আপনি যদি সিদ্ধান্তের কপি হাতে পাওয়ার 40 দিনের মধ্যে একটি আপিল জমা না দেন, তাহলে সকল পক্ষকে হিয়ারিং অফিসারের সিদ্ধান্ত মেনে নিতে হবে।

**স্টেটের রিভিউ অফিসারের কাছে আপিল:** মতপার্থক্য নিরসনের পথে আরেকটি ধাপ হিসেবে আপনি ইমপার্শিয়াল হিয়ারিং অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল করতে পারেন। একটিআপিলের জন্য অনুরোধ হলো একটি আইনগত পদক্ষেপ। একজন আইনজীবী আবশ্যিক না থাকলেও আপিল জমা দেওয়ার সুনির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে এবং বিলম্ব বা বাতিল হওয়া রোধ করতে হলে সে প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ প্রক্রিয়ার রূপরেখা দেওয়া আছে https://www.sro.nysed.gov/book/overview-part-279-revised-effective-january-1-2017 ওয়েবসাইটে।





# কিন্ডারগার্টেনে উত্তরণ

প্রিস্কুল স্পেশাল এডুকেশনের একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য একটি ছেলেমেয়েকে কিন্ডারগার্টেনে ভর্তি ও সফল হওয়ার জন্য প্রস্তুত করা। ছেলেমেয়েরা কিন্ডারগার্টেনে প্রবেশ করে ক্যালেন্ডার অনুযায়ী সেপ্টেম্বরে যখন তাদের বয়স হয় 5 বছর। কিন্ডারগার্টেনে উত্তরণ প্রক্রিয়া শুরু হয় পূর্ববর্তী স্কুল বছরে, ছেলেমেয়ে যখন প্রিস্কুলে থাকে।

যদি আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস লাভ করে, তাহলে সন্তানের কিন্ডারগার্টেনে ভর্তির প্রস্তুতি গ্রহণকালে আপনি একই সময়ে দুইটি আলাদা প্রক্রিয়ায় অংশগ্রহণ করবেন: **স্কুলে আবেদন করা** এবং **একটি কিন্ডারগার্টেন ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম** (IEP) **তৈরি করা।**

এই দুইটি প্রক্রিয়া এবং কখন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) কখন তথ্য সভা আয়োজন করবে, সে সম্পর্কে জানতে চাইলে **https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-kindergarten** ওয়েবসাইট দেখুন।

# পরিভাষা তালিকা

**বাড়তি পিতামাতা সদস্য:** স্কুল ডিস্ট্রিক্টের একজন প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়ের পিতামাতা যিনি মিটিংয়ে অংশগ্রহণ করেন এবং অবগত অথবা অনুমিত প্রতিবন্ধিতা আছে এমন ছেলেমেয়ের পিতামাতাকে তার সন্তানের শিক্ষা সম্পর্কিত সিদ্ধান্তগ্রহণে সহায়তা করেন। পিতামাতাদের অধিকার আছে CPSE মিটিংয়ে পিতামাতা সদস্যের অংশগ্রহণের অনুরোধ জানানোর।

**বার্ষিক লক্ষ্য:** আপনার সন্তান একবছর সময়সীমায় প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোয় কী কী অগ্রগতি অর্জন করবে বলে প্রত্যাশা করা হয়, ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামে (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনায়) (IEP) লিখিত সেসব লক্ষ্য।

**বার্ষিক পর্যালোচনা:** বছরে কমপক্ষে একবার শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস (বিশেষ শিক্ষা পরিষেবা) ও অগ্রগতি বিষয়ে IEP টিম মিটিংয়ে সম্পন্নকৃত পর্যালোচনা। প্রিস্কুলের শিক্ষার্থীদের জন্য, এই প্রক্রিয়াটি নিয়ন্ত্রণ করে কমিটি অন প্রি-স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)।

**অ্যাসিস্টিভ টেকনোলজি (AT):** এ্যাসিস্টিভ টেকনোলোজি সেসব টুলস বা সরঞ্জামের নির্দেশ করে যা শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনা উপকরণ থেকে সহায়তা লাভ করতে ও কার্যকর ভাববিনিময় করতে সহায়তা করে। AT ডিভাইসের অন্তর্ভুক্ত আছে সেসব জিনিস, যন্ত্রাংশ, পণ্য, বা সিস্টেম, যা প্রতিবন্ধিতাযুক্ত একজন শিশুর ক্রিয়া সামর্থ্য বাড়ানো, বজায় রাখা বা উন্নত করার জন্য ব্যবহার করা হয় (যেমন স্ল্যান্ট বোর্ড, কম্যুনিকেশন বোর্ড বা যন্ত্র, FM ইউনিট)।

**বিহেভিয়ার ইন্টার্ভেনশন প্ল্যান (BIP):** বিহেভিওরাল ইন্টার্ভেনশন প্ল্যান (আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা, BIP) হলো সমস্যার কারণ যে আচরণ, সেটার ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা, যার ভিত্তি হলো একটি ফাংশনাল বিহেভিওরাল অ্যাসেস্‌মেন্ট (কার্যকর আচরণগত মূল্যায়ন, FBA)-এর ফল। ন্যূনতমপক্ষে BIP সমস্যার কারণ যে আচরণ, সেটার একটি বিবরণ, সমস্যার কারণস্বরূপ আচরণটি কেনো ঘটে, সে ব্যাপারে সার্বিক ও সুনির্দিষ্ট প্রকল্প, এবং সমস্যার কারণ যে আচরণ, সেটার সমাধানের জন্য হস্তক্ষেপ কৌশল অন্তর্ভুক্ত থাকবে।

**দ্বিভাষীক মুল্যায়ন:** দ্বিভাষীক মূল্যায়ন (বাইলিঙ্গুয়াল ইভাল্যুয়েশন) এমন একটি মূল্যায়ন যা পরিচালনা করা হয় ইংরেজি ও শিক্ষার্থীর বাড়ির ভাষায় বা মাতৃভাষায়।

**কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE):** কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) 3 থেকে 5 বছর বয়সের প্রি-স্কুলের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়িত্বশীল। ছেলেমেয়েরা প্রি-স্কুল পরিষেবা কোথায় পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারসমূহের জন্য তাদের আবাসিক ডিস্ট্রিক্ট-এ পরিষেবা প্রদান করে। সিটির বিভিন্ন স্থানে 10টি CPSE রয়েছে। প্রতিটি CPSE একটি বৃহত্তর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের অংশবিশেষ। একজন চেয়ারপারসন CPSE-সহ CSE অফিস তত্ত্বাবধান করেন। CSE/CPSE-এর যোগাযোগের তথ্য পাওয়া যাবে https://www schools nyc gov/special-education/help/committees-on-special-education ওয়েবপেজে।

**সম্মতি:** সম্মতি অবশ্যই হতে হবে "সজ্ঞাত" যা পিতামাতার সইয়ের চেয়ে বেশিকিছু আবশ্যক করে। সজ্ঞাত সম্মতি গ্রহণের জন্য নিচে বর্ণিত পদক্ষেপগুলো নেয়া হয়েছে:

- যে-কাজের জন্য সম্মতি চাওয়া হয়েছে সেই ব্যাপারে সব তথ্য পিতামাতাকে তাদের পছন্দের ভাষায় বা অন্য কোন যোগাযোগের মাধ্যমে অবহিত করতে হবে। উপরন্তু, সন্তানের যে রেকর্ড প্রকাশ করা হবে এবং তা কার কাছে প্রকাশ করা হবে, সেই বিষয়ে একজন পিতামাতাকে অবহিত করতে হবে। এর মধ্যে রয়েছে পরীক্ষার ধরন, যদি আদৌ পরীক্ষা হয়, এবং হলে পরীক্ষার স্থান সম্পর্কিত তথ্য প্রদান করা।
- যে কাজের জন্য সম্মতি চাওয়া হয়েছে, পিতামাতাকে অবশ্যই সেটি বুঝে স্বাক্ষর দিয়ে সম্মতি প্রকাশ করতে হবে।
- পিতামাতাকে অবশ্যই সচেতন থাকতে হবে যে সম্মতি দেওয়া তাদের জন্য ঐচ্ছিক এবং যেকোন সময়ে প্রত্যাহারযোগ্য। তবে, যদি কখনও সম্মতি প্রত্যাহার করেন, সে সম্মতি ভূতাপেক্ষ হবে না, অর্থাৎ সম্মতি প্রত্যাহারের পূর্বে যে পদক্ষেপগুলো গ্রহণ করা হয়ে গেছে, সেগুলোকে অকার্যকর করবে না।

**ডিক্লাসিফিকেশন** IEP টিম সিদ্ধান্ত গ্রহণ করেছে যে শিক্ষার্থীর আর স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন নেই।

**ন্যায্য প্রক্রিয়া:** আইনের ধারা যা সুপারিশ, মূল্যায়ন এবং ভর্তি প্রক্রিয়াকালে পিতামাতা, শিক্ষার্থী এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর অধিকার নিশ্চিত ও রক্ষা করে।

**শুরুতেই হস্তক্ষেপ (আরলি ইন্টারভেনশন, EI):** যেসব পরিবারে জন্ম থেকে 3 বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত বা বিলম্বিত-বৃদ্ধি ছেলেমেয়ে রয়েছে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর আর্লি ইন্টার্ভেনশন (EI) বা শুরুতেই হস্তক্ষেপ প্রোগ্রাম তাদেরকে সহায়তা দেয়।

**দীর্ঘায়িত স্কুল বছরের পরিষেবা (যা বারো মাসের স্কুলবছর পরিষেবা নামেও পরিচিত):** দীর্ঘায়িত স্কুল বছর সার্ভিস সুপারিশ করা হয় কিছু কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে যাদের জুলাই এবং অগাস্টে সার্ভিসের প্রয়োজন হয় যাতে তাদের বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য পশ্চাদপসরণ রোধ করা যায়। যদি স্কুল বছরের শুরুতে কোন ছেলেমেয়ের IEP-এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ পুনঃপ্রতিষ্ঠা করতে অযৌক্তিক পরিমাণ সময় প্রয়োজন হয় যা সে পূর্বর্তী স্কুল বছরের শেষে আয়ত্ত করেছিল, তাহলে সে ছেলেমেয়ে "উল্লেখযোগ্য পশ্চাদপসরণ" মোকাবেলা করবে। আপনার সন্তান দীর্ঘায়িত স্কুল বছরের সার্ভিস লাভ না করে, তাহলে তার উল্লেখযোগ্য পশ্চাদপসরণের আশঙ্কা আছে, এমন নিশ্চিত হলেই শুধু কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) আপনার সন্তানের IEP-তে এসব সার্ভিস প্রাপ্তি নিশ্চিত করে। এমন হলে CPSE একটি বিবৃতি অন্তর্ভুক্ত করবে যা এ সুপারিশের ব্যাখ্যা দিবে। ছেলেমেয়েদের সম্প্রসারিত বছর সার্ভিস লাভের জন্য অবশ্যই পিতামাতার সম্মতি লাগবে।

**ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (বিনামূল্যে যথোপযুক্ত সরকারি শিক্ষা, FAPE):** স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও রিলেটেড সার্ভিস যা সরকারি ব্যয়ে, সরকারি তত্ত্বাবধানে এবং নির্দেশে, এবং পিতামাতাদের কাছ থেকে অর্থ আদায় না করে, প্রদান করা হয়।

**ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট (ব্যবহারিক আচরণগত মূল্যায়ন, FBA):** একটি ব্যবহারিক আচরণগত মূল্যায়ন (ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট, FBA) এমন একটি মূল্যায়ন যা কোন শিক্ষার্থীর শিক্ষণপ্রক্রিয়া বাধাগ্রস্থ করে, এমন আচরণের কারণ ও শিক্ষার্থীর সে আচরণ কীভাবে তার পরিবেশের সাথে সম্পর্কযুক্ত, তা নিশ্চিত হতে চায়।

**ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP):**
IEP কোন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতার প্রমাণ দেয় এবং স্কুল ব্যবস্থায় শিক্ষার্থীর অনন্য চাহিদার উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা পরিকল্পনাকে সংগঠিত করে। এতে ছেলেমেয়ের সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, যার মধ্যে আছে:

- একজন শিক্ষার্থীর বর্তমান অগ্রগতি এবং/অথবা স্কুল কার্যসম্পাদনা ও লক্ষ্য যা একটি স্কুল বছরে যৌক্তিকভাবে অর্জন করা সম্ভব;
- স্পেশাল এডুকেশন ও সহায়তা পরিষেবা (যার অন্তর্ভুক্ত আছে: কাউন্সেলিং ও স্পিচ, অক্যুপেশন্যাল বা ফিজিকেল থেরাপি), প্যারাপ্রফেশন্যালের সহায়তা; সহায়ক প্রযুক্তি; আচরণগত হস্তক্ষেপ ও অভিযোজন;
- অপ্রতিবন্ধী ছেলেমেয়েদের সাথে অংশগ্রহণ;
- কতো তারিখ থেকে, কখন, কতো ঘন ঘন, কোথায় এবং কতো কাল ধরে পরিষেবা প্রদান করা শুরু হবে, তার তারিখ জানার; এবং
- কোন শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের উপায়।

**ইন্ডিভিজ্যুয়ালস্ উইথ ডিসেবিলিটিস্ এডুকেশন ইম্প্রুভমেন্ট অ্যাক্ট (প্রতিবন্ধিতাযুক্তদের শিক্ষা উন্নয়ন বিধি, IDEIA):** একটি ফেডারেল আইন যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের 3 বছর বয়স থেকে যে বছর শিক্ষার্থী 21 বছর হবে অথবা হাই স্কুল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট করছে সেই বছর অবধি ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে ফ্রি অ্যাপ্রপ্রিয়েট পাবলিক এডুকেশন (FAPE) লাভ করার অধিকার দেয়।

**দোভাষী/অনুবাদক:** এমন ব্যক্তি যিনি পিতামাতার পছন্দের ভাষায় বা যোগাযোগের মাধ্যমে অথবা সন্তানের ভাষায় কথা বলেন এবং/অথবা লিখেন ও সভায় পিতামাতাদের জন্য দোভাষীর সেবা এবং/অথবা পরিবারের জন্য লিখিত উপকরণ অনুবাদ প্রদান করেন।

**লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, LRE):** লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, LRE) বলতে এমন একটি পরিবেশ বোঝায়, যেখানে কোন প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েকে তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে যতটুকু সম্ভব লেখাপড়ার করতে দেয়া হয়। LRE সম্পর্কে বিবেচনার অর্থ হলো, প্রতিবন্ধিতাযুক্ত

শিক্ষার্থীদের বিশেষ ক্লাসে, আলাদা স্কুলে অথবা সাধারণ শিক্ষার পরিবেশ থেকে কেবল তখনই সরানো হয় যখন প্রতিবন্ধিতার প্রকৃতি ও তীব্রতা এত বেশি যে, সম্পূরক (সাপ্লিমেন্টারি) সহায়তা ও পরিষেবা ব্যবহার করেও সন্তোষজনক শিক্ষালাভ সম্ভব হবে না। লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট তাই শিক্ষার্থীবিশেষের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হয়।

**সীমিত সচলতা:** সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম- যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি ব্যবহার করে- পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোন শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্টের সাথে মানিয়ে চলে এবং/অথবা তার সতীর্থদের চাইতে ধীরগতিতে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোন কারণে। চলাচলে সুনির্দিষ্ট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর, তা শারীরিক বা ইন্দ্রিয়গত যাই হোক না কেন, যার জন্য ভবনের নকশা বাধা সৃষ্টিকারী হতে পারে, কর্মসূচিতে অভিগম্যতার জন্য তাকে অবশ্যই আইন মোতাবেক প্রবেশের প্রয়োজনীয় সুবিধা দিতে হবে।

**ব্যবস্থাপনা চাহিদা:** এর অর্থ একজন শিক্ষার্থীর চাহিদাপূরণে কী পরিমাণ প্রাপ্তবয়স্ক তদারকি দরকার এবং পরিবেশগত রদবদল দরকার কিনা। এটা ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এ উল্লিখিত হতে হবে।

**মধ্যস্থতা:** মধ্যস্থতা হচ্ছে একটি গোপন, ঐচ্ছিক প্রক্রিয়া যা পিতামাতা ও নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর মধ্যে বিরোধ কোন বিচারিক শুনানি ছাড়া সমঝোতা করার সুযোগ দেয়। একজন মধ্যস্থতাকারী হলো নিরপেক্ষে তৃতীয় পক্ষ, যিনি সমঝোতাকারী পক্ষগুলিকে তাদের দৃষ্টিভঙ্গি ও অবস্থান ব্যাখ্যা এবং অন্যের দৃষ্টিভঙ্গি ও অবস্থান বুঝতে সাহায্য করেন। সমঝোতাকারীর ভূমিকা হচ্ছে আলোচনা পরিচালনা এবং পক্ষগুলিকে ঐকমত্যে পৌঁছুতে সাহায্য করা, সমাধানের সুপারিশ করা বা কোন অবস্থান বা পক্ষ নেয়া নয়। যদি পক্ষগুলি ঐকমত্যে পৌঁছয়, তাহলে সেই চুক্তি হবে বাধ্যতামূলক এবং আপিল করা যাবে না।

**অক্যুপেশনাল থেরাপি:** অকুপেশন্যাল থেরাপি একটি রিলেটেড সার্ভিস যা শিক্ষার্থীকে লেখাপড়ার সাথে সংশ্লিষ্ট সুক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা ও মুখের পেশী সঞ্চালনসহ অভিযোজন ও ব্যবহারিক দক্ষতা বজায় রাখা, উন্নত করায় সহায়তা করবে।

**ওরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস:** এসব পরিষেবা তৈরি করা হয়েছে শিক্ষার্থীর স্থান ও পরিবেশগত ধারণার বোধগম্যতা বাড়ানর এবং দিকনির্ণয় ও যাত্রাপথ স্থির করতে, বজায় রাখতে ও খোঁজে পেতে বিভিন্ন ইন্দ্রিয়ের দ্বারা প্রাপ্ত জ্ঞান (যেমন শব্দ, তাপ, কম্পন) ব্যবহার বৃদ্ধি করার জন্য। ওরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস চোখের সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের প্রদান করা হয়।

**প্যারাপ্রফেশনাল:** প্যারাপ্রফেশনাল হলেন এমন ব্যক্তি যিনি পুরো ক্লাসে অথবা একজন কিংবা একদল শিক্ষার্থীকে সহায়তা প্রদানকারী ব্যক্তি (যেমন আচরণ ব্যবস্থাপনা, স্বাস্থ্য বিষয়ক সার্ভিস, পরিবহণ, ইত্যাদিতে) প্রদান করেন।

**ফিজিক্যাল থেরাপি:** ফিজিক্যাল থেরাপি একটি রিলেটেড সার্ভিস যা কোন শিক্ষার্থীর কর্মক্ষমতা বজায় রাখতে, উন্নত করতে বা পুনরুদ্ধার করতে ব্যবহার করা হয় (যার মধ্যে আছে বৃহৎ পেশী সঞ্চালনে উন্নতি, চলাফেরা, ভারসাম্য রক্ষা করা ও সমন্বয়সাধন করা) বিভিন্ন পরিস্থিতিতে (যার অন্তর্ভুক্ত আছে ক্লাসরুম, জিম, বাথরুম, খেলার মাঠ, ও সিড়ি)।

**পছন্দের ভাষা:** পিতামাতা যে ভাষায় কথা বলতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। এটি বাড়িতে নিয়মিত ব্যবহৃত ভাষা হতে পারে আবার নাও হতে পারে।

**বেসরকারি মূল্যায়ন:** নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) কর্তৃক নিযুক্ত নয়, এমন কোন ব্যক্তি এবং পরিবার বা পরিবারের ইন্স্যুরেন্সের অর্থায়নে পরিচালিত মূল্যায়ন।

**সুপারিশ:** এটি হলো বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবার সুযোগসুবিধা প্রদানের জন্য কোন কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর বৈঠকের সিদ্ধান্ত।

**পুনর্মূল্যায়ন:** পুনর্মূল্যায়ন হলো কোন ইতোমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণরত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য পরিচালিত একটি মূল্যায়ন। শিক্ষার্থীর শিক্ষক, পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট এই পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করবে না যদি না স্কুল ও পিতামাতা অন্যভাবে সম্মত হন।

**রেফারেল:** একটি রেফারেল (সুপারিশ) শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কি না এবং তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কি না, সেটা নির্ধারণের জন্য স্পেশাল এডুকেশন মূল্যায়ন প্রক্রিয়া শুরু করে।

**রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা):** প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের স্কুলের কর্মসূচিতে অংশগ্রহণে সাহায্য ও সহযোগিতা করার জন্য প্রদত্ত পরিষেবা। এসব পরিষেবা অবশ্যই ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-তে সুপারিশকৃত হতে হয় এবং ব্যক্তিগতভাবে অথবা অনূর্ধ্ব পাঁচজনের গ্রুপে প্রদান করা হয়। রিলেটেড সার্ভিসের মধ্যে আছে: কাউন্সেলিং, স্কুল স্বাস্থ্য পরিষেবা, হেয়ারিং এডুকেশন পরিষেবা, অকুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি, ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি সার্ভিসেস এবং অন্যান্য সহায়তা পরিষেবা।

**অনুরোধকৃত পর্যালোচনা:** ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) অব্যাহতভাবে সন্তানের চাহিদাপূরণে সক্ষম কিনা, তা পর্যালোচনার জন্য একটি টিম মিটিং। পিতামাতা, শিক্ষক বা স্কুলের অন্যান্য কর্মকর্তা যেকোন সময়ে এই মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন।

**স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি:** স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি হলো একটি রিলেটেড সার্ভিস যা ছেলেমেয়ের যোগাযোগ দক্ষতা বৃদ্ধির প্রতি অভিনিবেশ প্রদান করে স্কুলের পরিবেশে বিভিন্ন অ্যাকাডেমিক ও সামাজিক অবস্থায় ছেলেমেয়ের শ্রবণ, কথন, পঠন ও লিখন দক্ষতাকে উন্নত করে।

# যোগাযোগ


**কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)**
কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) 3 থেকে 5 বছর বয়সের প্রি-স্কুলের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়িত্বশীল। ছেলেমেয়েরা কোথায় সার্ভিস বা প্রি-স্কুল পরিষেবা পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারসমূহের সাথে তাদের আবাসিক (যেখানে বসবাস করে) ডিস্ট্রিক্ট-এ কাজ করে। সিটির বিভিন্ন স্থানে 10টি CPSE রয়েছে। প্রতিটি CPSE, বৃহত্তর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের অংশ। একজন চেয়ারপারসন CPSE-সহ অফিস তত্ত্বাবধান করেন।

CSE/CPSE-এর যোগাযোগের তথ্য অনলাইনে পাওয়া যাবে **https://www.schools.nyc.gov/special-education/help/committees-on-special-education** ওয়েবপেজে।

আপনি কোন ডিস্ট্রিক্ট-এর অধীনের বসবাস করেন, সেটা জানা না থাকলে **311** নম্বরে ফোন করুন বা DOE-এর 'ফাইন্ড এ স্কুল' **https://www.schools.nyc.gov/find-a-school** ওয়েবসাইট দেখুন। 'ফাইন্ড এ স্কুল' ব্যবহার করতে আপনার সন্তানের বাড়ির ঠিকানা বা বরো টাইপ করে দিন। অ্যাপার্টমেন্ট নম্বরর মত তথ্য দিতে হবে না। "Search"-এ ক্লিক করুন। ওয়েবসাইটি আপনার সবচেয়ে কাছের স্কুলটির ঠিকানা দেবে। স্কুল ডিস্ট্রিক্ট প্রদর্শিত হবে। প্রতিটি CPSE-তে অনেকগুলো স্কুল আওতাভুক্ত থাকে।

| CSE | ডিস্ট্রিক্ট | ঠিকানা | ফোন নাম্বার | ফ্যাক্স |
|---|---|---|---|---|
| **1** | **7, 9, 10** | One Fordham Plaza, 7th Floor<br>Bronx, NY 10458 | (718) 329-8001 | (718) 741-7928/7929 |
| **2** | **8, 11, 12** | 3450 East Tremont Avenue, 2nd Floor<br>Bronx, NY 10465 স্পানিশ: | (718) 794-7420<br>(718) 794-7490 | (718) 794-7445 |
| **3** | **25, 26** | 30-48 Linden Place<br>Flushing, NY 11354 | (718) 281-3461 | (718) 281-3478 |
| **3** | **28, 29** | 90-27 Sutphin Boulevard<br>Jamaica, NY 11435 | (718) 557-2553 | (718) 557-2620/2510 |
| **4** | **24, 30** | 28-11 Queens Plaza North, 5th Floor<br>Long Island City, NY 11101 | (718) 391-8405 | (718) 391-8556 |
| **4** | **27** | 82-01 Rockaway Boulevard, 2nd Floor<br>Ozone Park, NY 11416 | (718) 642-5715 | (718) 642-5891 |
| **5** | **19, 23, 32** | 1665 St Marks Avenue<br>Brooklyn, NY 11233 | (718) 240-3557/3558 | (718) 240-3555 |
| **6** | **17, 18, 22** | 5619 Flatlands Avenue<br>Brooklyn, NY 11234 | (718) 968-6200 | (718) 968-6253 |
| **7** | **20, 21** | 415 89th Street<br>Brooklyn, NY 11209 | (718) 759-4900 | (718) 759-4970 |
| **7** | **31** | 715 Ocean Terrace, Building A<br>Staten Island, NY 10301 | (718) 420-5790 | (718) 420-5787 |
| **8** | **13, 14, 15, 16** | 131 Livingston Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | (718) 935-4900 | (718) 935-5167 |
| **9** | **1, 2, 4** | 333 7th Avenue, 4th Floor<br>New York, NY 10001 | (917) 339-1600 | (917) 339-1450 |
| **10** | **3, 5, 6** | 388 West 125th Street<br>New York, NY 10027 | (212) 342-8300 | (212) 342-8427 |

## CSE স্কুল ডিস্ট্রিক্ট



## নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর সাথে যোগাযোগ

আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সম্পর্কে সব সময় প্রথমেই আপনার CPSE প্রশাসকের সাথে যোগাযোগ করবেন। CSE/CPSE-এর যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 37 দেখুন। এছাড়াও DOE-এর সংগে নিম্নলিখিত নম্বরগুলোতেও যোগাযোগ করা যাবে:

| বিষয়বস্তু | যোগাযোগ |
|---|---|
| স্পেশাল এডুকেশন | SpecialEducation@schools.nyc.gov |
| রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা) | RelatedServices@schools.nyc.gov |
| আর্লি ইন্টারভেনশন | (646) 389-7171 / eitopreschool@schools.nyc.gov |
| কিন্ডারগার্টেনে উত্তরণ | Turning5@schools.nyc.gov |
| 3-K এবং প্রি-K ফর অল-এ ভর্তি | (718) 935-2009 / ESenrollment@schools.nyc.gov |
| 3-K এবং প্রি-K ফর অল-এর প্রোগ্রামসমূহ | EarlyChildhood@schools.nyc.gov |
| DOE স্পেশাল এডুকেশন হটলাইন | (718) 935-2007 |
| অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীগণ | (718) 391-6845 / MPonzio@schools.nyc.gov |

## সহায়ক তথ্যসূত্র

| ফোন | ইমেইল | ওয়েবসাইট |
|---|---|---|
| **অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন** | | |
| 1 (866) 427-6033 | info@advocatesforchildren.org | http://www.advocatesforchildren.org/who_we_serve/early_childhood |
| **INCLUDEnyc** | | |
| ইংরেজি (212) 677-4650 | info@INCLUDEnyc.org | http://www.includenyc.org/ |
| স্পানিশ (212) 677-4668 | info@INCLUDEnyc.org | http://www.incluyenyc.org/ |
| **Parent to Parent NY, Inc.** | | |
| 1 (800) 866-1068<br>(718) 494-3469 | mfegeley@ptopnys.org | http://parenttoparentnys.org/offices/staten-island/ |
| **Sinergia/Metropolitan Parent Center** | | |
| (212) 643-2840<br>(866) 867-9665 | information@sinergiany.org | http://www.sinergiany.org/parents-center/parent-center |
| **United We Stand of New York (ইউনাইটেড উই স্ট্যান্ড অভ নিউ ইয়র্ক) (ব্রুকলিন ও কুইন্স)** | | |
| (718) 302-4313 | http://www.uwsofny.org/contact | http://www.uwsofny.org/ |

DOE-এর প্রিস্কুল স্পেশাল এডুকেশন-এর নিচের ওয়েবসাইটে আরও তথ্য-উপকরণ পাওয়া যাবে
https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool

NYC Department of Education

ডিভিশন অভ স্পেশালাইজড ইনস্ট্রাকশন অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট
52 Chambers Street
New York, New York 10007

বাড়তি তথ্যের জন্য **311 ডায়াল করুন**
কিংবা দেখুন এই ওয়েবসাইট **https://www.schools.nyc.gov/**

T&I 32482 (Bangla)

সর্বশেষ হালনাগাদকরণ 2021